মিল্টনকৃত কাব্য

অর্থাৎ

আদিনরের ভৌমস্বর্গ ভ্রষ্টতোপাখ্যান।

প্রথমখণ্ড।

শ্রীরামপুর কালেজের ছাত্র শ্রীবেচারাম রায়
তথা শ্রীবিশ্বম্ভর দত্ত কর্ত্তৃক

অনুবাদিত হইয়া

শ্রীরামপুরস্থ

জ্ঞানারুণোদয় যন্ত্রালয়ে

মুদ্রাঙ্কিত হইল।

শন১৮৫৩ সাল।

ভূমিকা ।

জগদীশ্বরেচ্ছাতে এই ভারতভূমিহইতে দুরাত্মা
যবনাধিকার উচ্ছিন্ন হইয়া অশেষ বিদ্যালঙ্কৃত পরো
পকাররত স্বধর্ম্মানুগত শান্ত দান্ত পরিশ্রান্ত ইংরাজ
বাহাদুরের রাজত্ব সংস্থাপনানন্তর বিধায় তজ্জাতির
বিদ্যোৎসাহিতা গুণে ও বিবিধ যত্নে বঙ্গদেশীয় যুব
কগণ ইংরাজী বাঙ্গলা বিদ্যানুশীলনে অবিরত রত
হইয়া তত্তৎ বিদ্যায় বিশেষরূপে নিপুণ হইয়া স্বদে
শের মঙ্গলাকাঙ্ক্ষায় অনেক২ জ্ঞানদায়ক ইংরাজী
পুস্তক বঙ্গভাষায় অনুবাদ পূর্ব্বক মুদ্রাঙ্কন করাই
বাতে দেশস্থ লোকের অপরিমেয় উপকার অর্থাৎ
জ্ঞান বৃদ্ধি হইতেছে তদ্দৃষ্টান্তক্রমে আমরা ইংল
ণ্ডীয় অগ্রগণ্যমান্য বরেণ্য বিজ্ঞতম প্রাচীন কবি জান

মিঃটন সাহেব কৃত ইংরাজী ভাষার বিখ্যাত কাব্য অর্থাৎ আদিনরের ভৌম স্বর্গভ্রষ্টতা বিষয়ক অনির্ব্বচনীয় জ্ঞানদায়ক অদ্বিতীয় নিরুপমগ্রন্থ স্বদেশ হিতার্থে বঙ্গভাষায় পয়ারাদি ছন্দে ও তাহার টীকা গদ্যে অনুবাদপুরঃসর মুদ্রাঙ্কন করিতে প্রবর্ত্ত হইলাম. এই গুরুতর কঠিন পুস্তক আমাদিগের তুল্য অল্পবুদ্ধি মনুষ্যের দ্বারা উক্ত ভাষায় অনুবাদ হওয়া দুঃসাধ্য সাধন বিবেচনায় শ্রীরামপুর কালেজের অধ্যাপক বিজ্ঞবর শ্রীযুত পাদরী উইলেম কেদরি ডেনহাম সাহেবের সহায়তাতে এবং উক্ত বিদ্যালয়ের পণ্ডিত শ্রীযুত ব্রহ্মমোহন ভট্টাচার্য্যের অনুকূল্যে বিবিধ যত্নে অতিসাবধানে যথাসাধ্যে তৎকর্ম্ম সমাধা করা গেল তত্রাপি কাব্যের কাঠিন্য প্রযুক্ত ও নানা ভাবার্থ সঙ্ঘটন সম্ভাবনায় অনুমান হয় আমাদিগের কৃত কার্য্যের মধ্যে স্থানেং কেহং দোষ গণ্য করিতে পারেন। অতএব বিজ্ঞ জনগণ সমীপে বিনয় পুরঃসর আবেদন এই যে যদ্যপি অনুবাদবিষয়ক বস্তুতঃ কোন দোষ তাঁহাদিগের দৃক্‌গোচর হয় তবে আমাদিগের প্রতি হাস্য না করিয়া বরং নিজ গুণে কৃপাধীনে তদ্বৃত্তান্ত শ্রীরামপুর কালেজে প্রেরণ করিলে আমরা কৃতজ্ঞতা স্বীকার পূর্ব্বক তত্তদ্দোষ সংশোধনে পুনর্মুদ্রাঙ্কনে যত্নবান্ হইব। পুনশ্চ ভরসা স্থান এই যে সাধু জনেরা অন্যের কৃত

কর্ম্মে শতসহস্র দোষ পাইলেও স্বীয়২ গুণ বশতঃ অবশ্য তাহা ত্যাগপূর্ব্বক তন্মধ্যস্থ গুণজ্ঞতাই গ্রহণ করেন। যথা,

ত্যজন্তি সূর্পবদ্দোষান্ গুণান্ গৃহ্ণন্তি সাধবঃ।
দোষগ্রাহী গুণত্যাগী চালনীব দুরাশয়ঃ॥

অস্যার্থঃ।

সূর্পবৎ হয় বিজ্ঞতম সাধুজন।
দোষ ত্যজি গুণ ভাগ করেন গ্রহণ॥
চালনীর তুল্য বটে যত দুরাশয়।
ত্যজিয়া গুণের ভাগ দোষ মাত্র লয়॥

প্রথম পুস্তকের

সূচিপত্র।

প্রথম পুস্তকে প্রথমতঃ মনুষ্যের পতন বিষয়ক সংক্ষেপ বর্ণনা এবং তিনি যে সুখদ উদ্যানে স্থাপিত হইয়া তৎভৌম স্বর্গভ্রষ্ট হয়েন তদ্বিষয়ক বর্ণনা তৎ পরে তাঁহার পতনের প্রধান কারণ সর্প বা সর্পরূপ ধারী শয়তান অনেক দূতগণকে আপন কর্ত্তৃত্বাধীনে আনিয়া ঈশ্বর বিরুদ্ধাচারী হইবাতে প্রভু পরমে শ্বরের অনুজ্ঞাক্রমে তাহার স্বদল সম্বলিত স্বর্গ হই তে তাড়িত হইয়া মহাগভীর কুণ্ডে পতিত হওন বিষয়ক সংক্ষেপ বর্ণনা তদনন্তর শয়তানের আত্মী য় সঙ্গি দল সহিত নরকে পতিতাবস্থার সংক্ষেপ বর্ণনা সেই নরক জগতের মধ্যস্থিত নহে (যেহেতুক এমত কথিত আছে যে তৎকালে স্বর্গ ও পৃথিবী সৃষ্ট ও শাপগ্রস্ত হয় নাই) কিন্তু সেই নরক অতি ঘোর তিমিরাচ্ছন্ন স্থানে, তাহার প্রকৃত নাম পঙ্কী কুণ্ড, শয়তান তথায় স্বীয় দল সম্বলিত বিস্ময়াপন্ন ও বজ্রাঘাতে জর্জ্জরীভূত হইয়া প্রজ্বলিত অনলকু ণ্ডে পতিত থাকিয়া কিয়ৎকাল পরে মূর্চ্ছা ভঙ্গে

স্বশক্তি ও চৈতন্য প্রাপ্ত হওনানন্তর আত্মতুল্য পতিতাবস্থান্বিত একজন দূতকে সন্নিকটে আহ্বান করেন। ও দুর্দ্দশাগ্রস্ত পতন বিষয়ে পরস্পরের কথোপকথন॥

শয়তানের দৈত্যদলকে জাগ্রত করণ। তদ্রূপ মূর্চ্ছাপন্ন দৈত্যগণের গাত্রোত্থান ও সংখ্যা ও রণসজ্জা বর্ণন। এবং কিনান ও তচ্চতুষ্পার্শ্বস্থ দেশ বিখ্যাত দেবপ্রতিমাগণের নামানুসারে দৈত্যাধ্যক্ষগণের নাম করণ। সে সকল দৈত্যের প্রতি স্বর্গ পুনঃপ্রাপ্তির প্রত্যাশায় শয়তানের বক্তৃতা পুরঃসর সন্তোষজনক বাক্য কথন। স্বর্গীয় জনরব ও ভবিষ্যদ্বাক্যানুসারে নব পৃথ্বীর সৃজন ও তদুপরে নূতন প্রাণির স্থাপনবিষয়ক অবশেষ কথন। কেননা অনেক প্রাচীন বিজ্ঞ ব্যক্তিরা কহেন যে এই সৃষ্টির পূর্ব্বকালে দূতগণ বর্ত্তমান ছিল নবপৃথিবীর সৃজন হইবে এই ভবিষ্যদ্বাক্যের সত্যতা অনুসন্ধানার্থে ও তদ্বিষয়ক কর্ত্তব্যতা দৈত্য সভায় বিবেচনাপূর্ব্বক স্থির করণার্থে শয়তানের প্রস্তাব। তৎপরে তাহার সঙ্গিগণের যে কর্ম্মে উদ্যোগ তাহা। গভীর কুণ্ডহইতে অকস্মাৎ প্যাণ্ডিমোনিয়ম নামক দৈত্যরাজপুরীর উৎপত্তি বা উত্থান। তথায় নারকীয় কুলীন দূতবর্গের সভা।

মনুষ্যের পতন।

অবাধ্য হইয়া নর প্রথমে যখন।
নিষিদ্ধ তরুর ফল করিল ভক্ষণ॥
তাহার নাশক স্বাদে মর্ত্ত্যে মৃত্যু ব্যাধি।
এদন উদ্যান ভ্রষ্ট নরে তদবধি॥
যদবধি এক জন মানব প্রধান।
পুনরায় না দিলেন সুখদ সে স্থান * ॥

---

* যদ্বিষয়ে এই মহাকাব্য গ্রন্থ বিরচিত হয় তাহা প্রথম কতিপয় ছন্দে সংক্ষেপে বর্ণিত হইয়াছে এবং নিষিদ্ধবৃক্ষের ফল আস্বাদনে স্রষ্টার অনুজ্ঞার প্রতি আদি নরের অবাধ্যতা ও তন্নিমিত্তে সুখদ উদ্যান ভ্রষ্ট ও মর্ত্ত্যে মৃত্যুর আগমন। এসকল বৃত্তান্ত ধর্ম্ম গ্রন্থ হইতে গৃহীত হইয়াছে। তাহাতে এমত বর্ণিত আছে যে স্বয়ং জীবি পরমেশ্বর এই ভূমণ্ডল ও তদুপরিস্থ বৃক্ষাদি ও তাবৎ প্রাণি অর্থাৎ খেচর ভূচর জলচর উরোগামী জন্তু সৃষ্টি করণানন্তর নরের সৃষ্টি করিয়া তাহাকে এদন উদ্যানে স্থাপিত করত উদ্যানের তাবৎ বৃক্ষের ফল ভক্ষণ করিতে ক্ষমতা প্রদান করেন কেবল উদ্যানের মধ্যস্থিত সদসৎ জ্ঞানদায়ক বৃক্ষের ফল ভক্ষণ করণে নিষেধ করিয়া কহিয়াছিলেন " যে দিবসে তুমি এই বৃক্ষের ফল ভক্ষণ করিবা সেই দিবসে নিতান্তই তুমি কালগ্রাসে পতিত

সেই ভ্রষ্টতার আছে যত বিবরণ।
শুহে স্বর্গকবি তাহা করহ কীর্ত্তন* ॥
হোরেবা গিরির গুপ্ত শৃঙ্গের উপরে।
অথবা সিনাই¶ নামে প্রসিদ্ধ ভূধরে ॥

হইবা" পরে নরের সুখ ও সাহায্যনিমিত্তে এক নারী সৃজন করিয়া তাহাকে অর্পণ করেন ও সেই নারী শয়তানের ছলনায় প্রবঞ্চিতা হইয়া নিষিদ্ধ বৃক্ষের ফল ভোজনানন্তর পাপে নিমগ্ন হইয়া আপন স্বামিকেও সেই ফল আহার করাইয়া পাপে নিমগ্ন করেন, তাহাতেই তাহারা সুখদ উদ্যান ভ্রষ্ট হইয়া কৃতান্তের বশীভূত হইল পরে কৃপাময় পরমাত্মন মানবরূপে অবতীর্ণ হইয়া মনুষ্যের পাপের প্রায়শ্চিত্ত করণানন্তর তাহাদিগকে উদ্ধার করেন।

* যে পরমাত্মা মুসাকে জগৎ সৃষ্টিবিষয়ক জ্ঞান প্রদান করিয়াছেন তাঁহার প্রতি গ্রন্থকর্ত্তার প্রার্থনা ॥

‡ এরেবীয়া পিট্রিয়া দেশস্থ পর্ব্বত সীনাই পর্ব্বতের পশ্চিম পার্শ্বে স্থিত, এস্থলে প্রভু পরমেশ্বর প্রজ্জ্বলিত ঝোপের মধ্যে থাকিয়া মুসাকে দর্শন দেন। ঐ পর্ব্বতে মুসা যষ্টি আঘাৎ করিলে বারি নির্গত হইয়াছিল ও তাহা পান করিয়া ইস্রায়েল লোকদের তৃষ্ণা নিবারণ হইয়াছিল।

¶ আরব দেশের উত্তর-পশ্চিম কোণস্থিত পর্ব্বত। তদুপরে প্রভু পরমেশ্বর মুসাকে উপদেশ প্রদান করেন ॥

রাখালের* প্রতি তুমি দিলা উপদেশ।
সেও মনোনীত বংশে† শিখাইল শেষ॥
যেরূপেতে স্বর্গ মর্ত্ত্য পঞ্চীকৃত হতে।
সৃজন করিয়াছিলা বিশ্বের আদিতে॥
ঈশ্বর মন্দিরাগ্রস্থ শিলোয়ারা স্রোত‡
অথবা সীওন¶ নামে যে ছিল পর্ব্বত॥
ইহারা তোমার যদি সন্তোষ জন্মায়।
তবে তথাইহেতে আমি চাহি তবাশ্রয়॥
করি নম সাহসিক গীতার্থে প্রার্থনা।
গদ্যে পদ্যে কেহ যাহা না কৈল রচনা॥
তাহা যেন এওনীর** গিরি ঊর্দ্ধে ধায়।

---

* অর্থাৎ যিহুদীয়দিগের ব্যবস্থাপক মুসা সে আপন শ্বশুর জেথরোর মেষপালক ছিল একারণ রাখাল নামে তাহার আখ্যা হইয়াছে। যাত্রা। ৩। ১।

† অর্থাৎ যিহুদীয়েরা। ধর্ম্মপুস্তকে বর্ণিত আছে যে পরমেশ্বর অন্যা২ জাত্যপেক্ষা তাহাদিগকে মনোনীত করিয়াছিলেন।

‡ যিরূশালমস্থ ঈশ্বরমন্দির নিকট-স্থ শিলোয়া নামক স্রোত। যি। ৭। ৬।

¶ পিলেষ্টাইন প্রদেশস্থ যিরূশালম নগরের দক্ষিণস্থিত পর্ব্বত।

** গ্রীশদেশস্থ বিয়োশিয়া নামক প্রদেশস্থিত এওনিয় নামক গিরি যথায় কাব্যাধিষ্ঠাত্রী দেবীরা গমনাগমন করিতেন।

হেন গীত রচিবারে মম অভিপ্রায় ॥
করহে ধর্ম্মাত্মা মোরে সুশিক্ষা প্রদান।
সকল বিষয়ে তব আছে দিব্য জ্ঞান ॥
মন্দির* অপেক্ষা জানি বটে বিশেষতঃ।
নির্ম্মল পবিত্র মন তব মনোনীত ॥
আদি কালাবধি তুমি থাকি বিদ্যমানে।
পরাক্রান্ত পক্ষ দ্বয় মেলিয়া বিমানে ॥
তমোময় নীরোপরে কপোতের ন্যায়‡।
বসিয়া করিলা সৃষ্টিরূপ ফলোদয় ॥
মমমনে তমো নাশি কর দীপ্তি দান।
যাহা নীচ আছে উচ্চ কর দয়াবান্ ॥
এই মহাকার্য্যে যেন হয় ফলোদয়।
অনন্ত ধাতাকে আমি করিয়া নির্ণয় ॥
দোষহীন পন্থা¶ তাঁর নরগণ প্রতি।
প্রকাশ করিতে দেহি আমায় শকতি ॥

---

*নির্ম্মল পবিত্রমনই ধর্ম্মাত্মার মন্দিরস্বরূপ ১করিঃ৬।১৯ আর ধর্ম্মগ্রন্থে প্রভু পরমেশ্বর কহিয়াছেন যে স্বর্গ আমার সিংহাসন পৃথিবী আমার পাদপীঠ তবে তোমরা আমার নিমিত্তে কোথায় গৃহ নির্ম্মাণ করিবা আরো বর্ণিত আছে যে নির্ম্মল পবিত্র মন ঈশ্বরের মন্দির স্বরূপ ও গ্রাহ্য।

‡ আঃ ।১।২। অন্য পক্ষির সহিত তুলনা না করণের হেতু এই যে লূ।৩।২২। ধর্ম্মাত্মা কপোতের ন্যায় বর্ণিত আছেন।

¶ এই মহদ্বিষয় নানাস্থানে সুপ্রকাশ আছে বি

তোমার নয়ন হতেঃ কিছু নারে এড়াইতেঃ
বল প্রভো করিহে শ্রবণ।
স্বর্গ নরকাদি যতঃ কিছু নহে লুক্কায়িতঃ
এই হেতু করি নিবেদন॥
আদি পিতা কি কারণেঃ সহ জায়া সুখোদ্যানেঃ
থাকিয়া পতিত হয় পরে।
হইয়া ঈশ্বর প্রিয়ঃ কেন ইচ্ছামতে স্বীয়ঃ
লঙ্ঘিল তাঁহার অনুজ্ঞারে॥
বিশ্বপতি আজ্ঞামতেঃ তদা তারা সেস্থানেতেঃ
সর্ব্বোপরি ছিল প্রভুমত।
কিন্তু এক মাত্র বাধাঃ* তাদের প্রতি ছিল তদাঃ
যাহা ছিল তারা অবগত॥
এ হেতু জিজ্ঞাসি শেষেঃ কহ মোরে সবিশেষেঃ
এমত ঘটিল কি কারণ!
মিষ্ট বাক্যে উভয়েরেঃ সেই আজ্ঞা লঙ্ঘিবারেঃ
প্রবঞ্চনা কৈল কোন্ জন॥
নারকীয় এক সর্পঃ‡ করিয়া সে মহাদর্পঃ
আদি মাতায় ঈর্ষায় ছলিল!

শেষরূপে পিতা ও পুত্রের কথোপকথনে দৃষ্ট হয়।

* অর্থাৎ প্রভু পরমেশ্বর যে সদসৎ জ্ঞানদায়ক বৃক্ষের ফল ভক্ষণে নিষেধ করিয়াছিলেন তাহা।

‡ সর্পরূপধারী শয়তান।

থাকিয়া সে স্বর্গদূতঃ দোষে হৈয়া স্থানচ্যুতঃ

সঙ্গি সহ পতিত হইল ॥

যে দলের সাহায্যেতেঃ ইচ্ছা কৈল অন্তরেতেঃ

ঈশ্বর সমান হইবারে।

এই বৃথা লোভ করিঃ স্বর্গে কৈল যুদ্ধ ভারিঃ

ঈশ্বরের বিরুদ্ধ আচারে ॥

সর্ব্ব শক্তিমান তাতেঃ স্বর্গের উপর হতেঃ

ছিন্ন ভিন্ন নাশ করি তাকে।

অধোমুখ* করি পরেঃ অনলে পুড়িয়া মেরেঃ

করিলেন নিক্ষেপ নরকে ॥

ঈশ্বর বিরুদ্ধাচারীঃ বাহুবলে তুচ্ছ করিঃ

স্পর্দ্ধায় পূর্ণিত তার মন।

শৃঙ্খলেতে হৈয়া বদ্ধঃ অগ্নিকুণ্ডে হতে দগ্ধঃ

রহিল সে স্থানেতে তখন ॥

---

* গ্রীশদেশীয় মহামান্য বরেণ্য বিজ্ঞতম কবি হোমারকৃত ইলিএড নামক গ্রন্থের প্রথমখণ্ডে ৭৬১ পঙ্ক্তিতে ভলকানের উক্তিতে এমত বর্ণিত আছে যে বলকান যোবের দ্বারা অমরভুবন হইতে অধোমুখ ও ঊর্দ্ধপাদ হইয়া পতিত হইয়াছিল। বোধ হয় আমারদিগের কবি মিল্টন এই ভাব উক্ত গ্রন্থহইতে গ্রহণ করিয়াছেন।

মর্ত্ত্যলোক আর যাকেঃ দিবস শর্ব্বরী ডাকেঃ
তার নয় দিবস রজনী ।
পরাজিত হয়ে রণেঃ লৈয়া যত সঙ্গিগণেঃ
ছিল সেই স্থানে দৈত্যমণি ॥
অদৃষ্টে নাহি মরণঃ মুর্চ্ছাপন্ন সে কারণঃ
হয়্যা আছে মুমুর্ষু প্রায় ।
এরূপ কঠিন দণ্ডেঃ পড়ি ঘোর অগ্নিকুণ্ডেঃ
ক্রোধযুক্ত অতি নিরুপায ॥
পূর্ব্ব সুখ চিন্তা করিঃ দুঃখে বলে মরি মরিঃ
যাতনায় করে হাহাকার ।
তবু অহঙ্কার ভরেঃ চতুর্দ্দিগে দৃষ্টি করেঃ
শোক দুঃখ নাহি পারাবার ॥
যে দিগেতে চক্ষু দেয়ঃ দেখে সঙ্গি দূতচয়ঃ
ঘোরতর সন্তাপের স্থান ।
ভয়ঙ্কর কারাগারঃ যেন অগ্নি সমাকারঃ
জ্বলন্ত অনল হয় জ্ঞান ॥
তাহে যত শিখা জ্বলেঃ [illegible] নাহি সে অনলেঃ
যেন ঘোর অন্ধকারময় ।
কিছু নাহি তথা আরঃ দুঃখের নাহিক পারঃ
শোক ভয় আছে অতিশয় ॥
সুখ শান্তি তথাকারেঃ কদাচ থাকিতে নারেঃ
প্রত্যাশা না পারে আসিবায় ।
পরিবর্ত্তে মঙ্গলাশাঃ সদা তাহে দুঃখদশাঃ

জ্বলন্ত গন্ধক অগ্নিময় ॥
রাখিবারে দূতদলঃ সৃজিলেন হেন স্থলঃ
অনন্ত বিচার অধিপতি ।
একারণ এইস্থানেঃ অবস্থিত ভূতগণেঃ
অতি দূরে রহে স্বর্গজ্যোতি ॥
আর ভূমণ্ডলাবধিঃ ত্রিদিব পর্য্যন্ত যদিঃ
দূরতার কর পরিমাণ ।
তাহার ত্রৈগুণ্য পথেঃ* দূরবর্ত্তি পৃথ্বীহতেঃ
জানিবা নিশ্চয় ঐ স্থান ॥
যে স্থানহইতে চ্যুতঃ তারা এবে যথাস্থিতঃ
এ দুয়েতে ভিন্ন অতিশয় ।
কি কব ভিন্নতা তারঃ সর্ব্বমতে চমৎকারঃ

---

* গ্রীশদেশীয় মহামান্য সুকবি হোমার কৃত ইলিএড নামক কাব্য-গ্রন্থের অষ্টম পুস্তকের ষোড়শ পংক্তিতে এমত বর্ণিত আছে যে স্বর্গ এই পৃথিবীহইতে যত উচ্চ নরক এই পৃথিবী হইতে তত নিম্ন স্থানে স্থিত। ইটালীয় বা লাটিনদেশীয় কবি বারজিল-কৃত ইনিএড নামক কাব্য গ্রন্থের অষ্টম পুস্তকের ৫৭৫ পংক্তিতে তাহার দ্বিগুণ পরিমাণ উল্লেখ আছে অর্থাৎ এই পৃথিবী হইতে স্বর্গ যত উচ্চ নরক এই পৃথিবী হইতে তাহার দ্বিগুণ নিম্নস্থানে স্থিত। মিলটন এস্থানে ত্রিগুণ পরিমাণ উল্লেখ করিয়াছেন কিন্তু এস্থলে গ্রীশ দেশীয় কবির বর্ণন মূল জ্ঞান করিতে হইবেক।

জানিবা হে নাহিক সংশয় ॥
পরে দ্যাখে শয়তানঃ* যথা অগ্নি অনির্ব্বাণঃ
তথা স্থিতি করে সঙ্গিগণ ।
জ্বলন্তাগ্নিকুণ্ডে তারাঃ মগ্ন আছে যেন মরাঃ
তাহে ক্লিষ্ট হইল তার মন ॥
আরো কৈল দরশনঃ তদ্দ্বিতীয় এক জনঃ
স্বনিকটে অগ্নিতে লুণ্ঠিত ।
বালসিবুবা নাম ধরেঃ ছিল বহুকাল পরেঃ
পিলেষ্টীয়ণ্ণ দেশেতে বিখ্যাত ॥

---

* ইব্রীয় ভাষাতে শয়তানের অর্থ শত্রু কেননা সে ঈশ্বরের ও মানবের প্রধান শত্রু।

† মক্ষিকার প্রভু। ফিলিষ্টীয়ানদিগের এক দেব প্রতিমা। মঙ্গল সমাচারে তাহাকে দৈত্যাধিপতি বলিয়া ব্যাখ্যা করে একারণ এস্থলে শয়তানের তুল্য দ্বিতীয় জনকপে বর্ণিত হইয়াছে।

ণ্ণ সিরিয়াস্থ প্রদেশ। ফিলিষ্টীয় লোকেরা ঐ প্রদেশের সমুদ্রতটে বসতি [illegible] ঐ প্রদেশ পিলেষ্টীয় নামে খ্যাত হইয়াছে। ধর্ম্ম [illegible] কিনান বা অঙ্গীকৃত দেশ নামে বর্ণিত আছে এবং যিহুদা গোষ্ঠী [illegible] নামানুসারে যিহুদানামে এই দেশ খ্যাত হইয়াছে। এ[illegible] ত্রাতার জন্ম ও ধর্ম্ম প্রচার ও মৃত্যু হইবাতে ঐ স্থান পবিত্র দেশ নামে বিখ্যাত হয় লিবানস গিরি ঐ প্রদেশের উত্তর অংশে, জর্দ্দন নদী ও সিদোমসমুদ্র পূর্ব্বদিকে, এরেবীয়া পিটি য়া দক্ষিণে, এবং মেডিটেরিনিয়ান সমুদ্র পশ্চিমে,

সেই দুষ্ট দানবেরেঃ ঘোর মৌন ভঙ্গ করেঃ
কহিতে লাগিল মহা অরি।
হয়েছিল স্বর্গপুরেঃ শ্রেষ্ঠ বৈরি হইবারেঃ
শয়তান নাম যেই ধারি॥
যদি তুমি সেই হও একি হায়২।
পতিত ও পূর্ব্বাবস্থা দেখি বিনিময়॥
পূর্ব্বে ছিলা জ্যোতির্ম্ময় রাজ্যে অবস্থিত।
সর্ব্ব শ্রেষ্ঠ দীপ্তিরূপ বসনে ভূষিত॥
অযুত উজ্জ্বল দূত দলের মাঝারে।
শ্রেষ্ঠতম ছিলা তুমি সবার গোচরে॥
পরম ঈশ্বরে জয় করিবার কালে।
মম সঙ্গী যোদ্ধা ছিলে তুমি রণস্থলে॥
সাহস ঐক্যতা মন তব মম তুল্য।
এবে সমভাবে দৈন্য দুঃখের প্রাবল্য॥
যত নিম্ন গর্ত্তে দেখ পতিত আপনি।
তত উচ্চ পরাক্রমে জয়কর্ত্তা যিনি॥
আছিলেন শক্তিমান্ তিনি যে এমন।

থাকিবায় শিরীয়ার অন্যা২ অংশ হইতে পৃথক হইয়াছে।

• দৈত্যগণের পতিত ও দুরাবস্থা ও ভাবান্তর গৌরব ভ্রষ্ট উজ্জ্বলতা বিহীন হওনের প্রকৃত দৃষ্টান্ত বটে।

এস্থলে কাব্যের অসাধারণ সৌন্দর্য্য প্রকাশ

এ যুদ্ধের পূর্ব্বে জ্ঞাত ছিল কোন্ জন ॥
আত্ম ক্রোধে জয়কর্ত্তা দিলেন যাতনা।
তদর্থে কদাচ মোরা খেদ করিব না ॥
যদ্যপি বাহ্যিক শোভা হৈল বিনিময়।
তবু স্থির মন কভু ফিরিবার নয়* ॥
ঈশ্বরের প্রতি ঘৃণা যাহা আছে মনে।
যার গুণে মহাযুদ্ধ ঈশ্বরের সনে ॥
যেই ভয়ানক যুদ্ধে হয়ে অস্ত্রধারি।
ধাইল অসঙ্খ্য দূত হয়ে অত্যাচারি ॥
মনোনীত কৈল মোরে গণিয়া প্রধান।
সংগ্রামেতে সিংহাসন কৈল কম্পবান্ ॥
যুদ্ধে আমাদের যদি হৈল পরাজয়।
তবু তাহে দেখি সর্ব্বনাশ নাহি হয় ॥
ঈর্ষা ঘৃণা সাহসাদি যত২ গুণ।
অজেয় এসব গুণে আমরা নিপুণ ॥
বল দ্বারা আমা হতে জিনি স্বক্রোধেতে।

পাইতেছে কেননা শয়তান ঈশ্বরের নামোচ্চারণ করণে যদিও মনে গ্লানি ও ঘৃণাবোধ করিয়া এতদ্রূপ কহিয়াছে তথাচ ঈশ্বরের প্রাধান্য অস্বীকার করণে অপারক হইয়া স্বীকার করিতেই বাধ্য হইয়াছে।

*এই সকল কথায় শয়তানের কাঠিন্য ও ঘোরতর ক্রোধ প্রকাশ পাইতেছে।

এ সব গৌরব* কভু না পারেন লতে ॥
আমাদের যুদ্ধ ভয়ে যিনি হৈয়া ভীত।
স্বরাজ্য রক্ষার হেতু ছিলেন ভাবিত ॥
হাঁটু গাড়ি তাঁর প্রতি দেওয়া নমস্কার।
মোদের বিচারে অতি নীচ ব্যবহার ॥
পতিত অবস্থাপেক্ষা উক্ত কদাচার।
অসম্ভ্রমাস্পদ আর বড় লজ্জাকর ॥
স্বভাবতঃ শক্তি আর দৈত্যের জীবন।
কদাচ না হয় কোন ক্রমেতে পতন ॥
যুদ্ধ অস্ত্রে মন্দ নহি জানি করো রণ।
ভাবি জ্ঞানান্বিত আরো হয়েছি এখন ॥
সাহস বলে ছলে মোরা দৃঢ় আশা করি।
পণ করি সবে যেন জিনি মহা অরি ॥
যাহার সহিত পুন মিল হবার নয়।
জয়ী হৈয়া মহানন্দে স্বর্গে এসময় ॥
অত্যাচার করি মহা একা সেই জন।
করিছেন রাজ্যগিরি আজ্ঞাতে পালন ॥

---

* ঈর্ষা ঘৃণা সাহস অজেয় বীরত্ব ইত্যাদি গৌরব।

† শয়তান এমত বোধ করিয়াছিল যে স্বভাবতঃ বা আবশ্যকতা অর্থাৎ অদৃষ্টবশতঃ দূতগণ অমর ও তাহাদিগের শক্তি অধ্বংসনীয়।

ধর্ম্ম ত্যাগি দৈত্যরাজ কহে উচ্চৈঃস্বরে।
মগ্ন হৈয়া দুঃখ শোক অনল সাগরে॥
তাহে তার সম যোদ্ধা যেই দৈত্যপতি।
উত্তর প্রদান কৈল শুনহ সম্প্রতি॥
শুন ওহে দৈত্যপতিঃ দূত মধ্যে যীনা স্থিতিঃ
শ্রেষ্ঠতম মধ্যে রাজগণ।
শ্রেণীবদ্ধ দূতগণেঃ রাখি তব আজ্ঞাধীনেঃ
করেছিলে ঘোরতর রণ॥
অদ্ভুত ব্যাপারে যত্নেঃ হৈয়া কৈলা বিপদগ্রস্তঃ
নির্ভয়েতে স্বর্গীয় রাজারে।
তাহার প্রাধান্য কিসেঃ বলে কিম্বা ভাগ্য বশেঃ
পরীক্ষিলা প্রমাণের তরে॥
দুঃখ ইথে অতিশয়ঃ যাহাতে বিনষ্ট প্রায়ঃ
স্বর্গ পুরী হৈতে হৈয়া চ্যুত।
রণে হৈয়া পরাজিতঃ সঙ্গিগণ সম্মিলিতঃ
হইয়াছি নরকে পতিত॥
মোদের গৌরব যতঃ সকলি হইল হতঃ
সর্ব্ব সুখে হলেম বিহীন।
অনন্ত সুখের বাসঃ দুঃখ শোকে কৈল গ্রাস
পুনঃ প্রাপ্তি হওয়া সুকঠিন॥
স্বর্গীয় দূতের প্রাণঃ যথা হয় অবসানঃ
সেই রূপ হইল পঙ্কজ।
ফলে শুন বিবরণঃ দয়া নহে আত্মমনঃ
শক্তি আরো হবে পুনঃ প্রাপ্ত॥

মোদের অসীম শক্তিঃ জয় কৈল যেই ব্যক্তিঃ
বটে তিনি সর্ব্বশক্তিমান্ ।
আত্মা শক্তি অবশেষঃ ভুগিবারে বহুক্লেশঃ
রাখিলেন হয় হেন জ্ঞান ॥
কিম্বা মনে হয় বোধঃ তুষিতে তাঁহার ক্রোধঃ
লুটিয়া মোদের কৈল দাস ।
শক্ত কর্ম্ম করাইবারেঃ রাখিলেন অন্ধকারেঃ
এই বুঝি তাঁহার আভাস ॥
হইলে অমরাক্ষয়ঃ তাকে কিবা ফলোদয়ঃ
নিত্য ক্লেশ ভোগ যদি হয় ।
পরে দৈত্য শিরোমণিঃ শুনিয়া এসব বাণীঃ
সত্বরে এসব কথা কয় ॥

সাধিবারে কার্য্য কিম্বা ভুগিবারে ক্লেশ ।
দুর্ভদের মন ক্ষুব্ধ* হইলে বিশেষ ॥
বড় ক্লেশকর তাহা জানিবা নিশ্চয় ।
পতিত কিঙ্কর ! ইথে নাহিক সংশয় ॥
কিন্তু শুন এ নিশ্চিত মন ভঙ্গপ্রায় ।

---

* পূর্ব্বে শয়তান এমত কহিয়াছে । স্বভাবস্থ শক্তি আর দৈত্যের জীবন । কদাচ না হয় কোনক্রমেতে পতন ॥ একারণ এস্থলে এমত কহিতেছে যে কোন ক্লেশ সহ্য করিতে কিম্বা কর্ম্ম করিতেই হউক দৈত্যগণ ক্ষীণ অর্থাৎ মনো ক্ষুব্ধ হইলে বড়ই ক্লেশকর ।

* স্বর্গীয়দূত ।

ভাল করা আমাদের উচিত না হয় ॥
মন্দ কার্য্য করা মহা অরি বিপরীতে।
আনন্দজনক বটে দৈত্য হৃদয়েতে ॥
যদি হেন ইচ্ছা হয় ঈশ্বর অন্তরে।
মন্দহতে ভাল * ফল ফলাইবার তরে ॥
সে চেষ্টা করিব মোরা সদা নিবারণ।
ভাল হতে মন্দ চেষ্টা করিব সাধন ॥
ত্যক্ত করিবারে যদি পারি মহা অরি।
বিফল করিতে তাঁর মর্ম্ম যদি পারি ॥

---

* প্রভু পরমেশ্বর এতদ্রূপ সর্ব্বদাই করিয়া থাকেন। নানা জাতির ইতিহাসে ও বিশেষ সত্যধর্ম্মগ্রন্থে তাহার ভূরি২ প্রমাণ পাওয়া যায়। খ্রীষ্টীয় ধর্ম্ম প্রচারকগণের প্রতি প্রাক্কালে বিপক্ষ যিহূদীয়েরা ক্রোধানুবর্ত্তি ব্যক্তিদিগকে কত শত ক্লেশ ও যন্ত্রণা দিয়া ধর্ম্ম প্রচার কার্য্যে নিবারণ করিতে সচেষ্টিত ছিল তাহাতে যদিচ তাঁহার শিষ্যেরা দেশে২ গ্রামে২ হাটে২ মাঠে২ ও ঘাটে২ তাড়িত হইয়াছিল তথাপি তাহারা ধর্ম্ম প্রচার করিতে কোনমতে নিবর্ত্ত না হইয়া বরং পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ ধাবমান হইয়া দেশ দেশান্তরে ধর্ম্ম প্রচার করিয়া খ্রীষ্ট মণ্ডলীর সংস্থাপন করিয়াছিল। এস্থানে স্পষ্ট দেখা যাইতেছে যে যদিও যিহূদীয়েরা মন্দাভিপ্রায়ে অর্থাৎ দেশ দেশান্তরে ধর্ম্ম প্রচার নিবারণ নিমিত্তে শিষ্যদিগকে তাড়না করিয়াছিল তথাপি সেই তাড়নাই দেশ দেশান্তরে ধর্ম্ম প্রচার হওনের মূলীভূত হইয়াছিল।

যদ্যপি মোদের কার্য্য নাহি হয় ব্যর্থ।
তবে বুঝি ইথে তাঁকে করিবে শোকার্ত্ত ॥
কিন্তু দেখ নিঃসারক যত দূতগণে।
ডাকি পুনঃ ক্রুদ্ধ অরি নিলেন স্বস্থানে* ॥
গান্ধকীয় শিলা যত ধায়্যা এসেছিল।
সে সব এক্ষণে দেখ নিবর্ত্ত হইল ॥
আর দেখ এ গভীর তরঙ্গ তাহাতে।
এ সময়ে রহিয়াছে সুস্থির ভাবেতে ॥
অগ্নিমুখি হৈয়া যত বজ্রবৎ শর।
এসেছিল নাশিবারে হইয়া তৎপর ॥
জ্ঞান হয় সে সকল হইয়াছে ক্ষয়।
গভীর সাগরে দেখ শব্দ নাহি হয় ॥

*এই কাব্যের ষষ্ঠখণ্ডে রাফেলের উক্তির সহিত ইহার ঐক্যতা নাই কেননা রাফেলের উক্তিতে স্পষ্ট প্রকাশিত আছে যে কেবল স্বয়ং ত্রাতা ঐ দুষ্ট দানবকে স্বর্গ হইতে দূরীকৃত করেন। বোধহয় শয়তান ত্রাতার প্রাধান্য স্বীকার করণে মনোমধ্যে ঘৃণ বোধ করিয়াছিল কিম্বা এমত হইতে পারে যে শয়তান বজ্রাঘাতে জর্জ্জরীভূত হইয়া প্রজ্বলিত অনলকুণ্ডে পতিত হইবায় বুদ্ধির ভাবান্তর হওয়ায় বা ভয় ও অতিশয় আতঙ্ক প্রযুক্ত এতদ্রূপ উক্তি করিয়াছে।

ক্লেশ দিয়া বুঝি তৃপ্ত আছে ক্রুদ্ধ অরি।
অথবা আছেন ক্ষান্ত মনে তুচ্ছ করি॥
অতএব পাইয়াছি সুযোগ সময়।
ত্যজিব না হেন কাল জানহ নিশ্চয়॥
সম্মুখেতে ওই দেখ উচ্ছিন্ন প্রান্তর।
দীপ্তিহীন স্থান তাহা আর ভয়ঙ্কর॥
নরকাগ্নি আভা তথা মাত্র নীলাকার।
বিকৃতি আকৃতি তার ভয়ানক আর॥
তরঙ্গ হইতে চল বিশ্রাম করিতে।
তথা যদি পারি কিছু বিশ্রাম লভিতে॥
সংগ্রহ করিয়া পুনঃ ক্লিষ্ট * দূতগণে।
বিবেচনা করি তবে পরস্পর মনে॥
কেমনে বিরক্ত মোরা করিব সে অরি।
কিরূপে বা আমাদের ক্ষতি পূর্ণ করি॥
এই ভয়ানক দুঃখ কিসে হবে জয়।
আশাতে বা কোন শক্তি হইবে উদয়॥
ইথে যদি কিছু ফল না হয় দর্শন।
নিরাশে উৎপন্ন দেখি হয় কোন পণ॥
এই মত শয়তান আ[illegible] সুহৃদ্বরে।
কহে এ সকল কথা অতি ধীরেং॥

* রণে পরাজিত হওনানন্তর অত্যন্তক্লিষ্ট বা ভগ্নান্তঃক-রণ হইয়াছিল।

সে তরঙ্গ হইতে তবে কৈল শিরোত্থান।
অনল শিখার সম তাহার নয়ান ॥
অৰ্দ্ধাঙ্গ থাকিল মগ্ন অম্বর সাগরে।
পরিমাণে দীর্ঘ তাহা বিকট আকারে ॥
তাহার শরীর ব্যাপি বহু বিঘা* স্থান।
আছিল কুণ্ডের জলে হয়ে ভাসমান ॥
উপাখ্যান খ্যাত পৃথ্বীজাত টীটানেন†।
যোবের‡ সহিত যেই করেছিল রণ ॥

---

* লাটীন দেশীয় কবি মান্তুয়ান কর্ত্তৃক বর্ণিত আছে যে এক অসুরের দেহে নব বিংশতি বিঘা পরিমাণ স্থান আচ্ছাদিত ছিল। বোধ হয় আমাদিগের কবি এস্থলে ঐ ভাব গ্রহণ করিয়াছেন।

† টীটান সুতগণ। কথিত আছে যে তাহারা অতি দীর্ঘাকার বিকট রূপধারি। গ্রীক দেবরাজ যুপিতরের সহিত রণ করিয়া তাহারা পরাজিত হয়।

‡ সেটরণ ও অপসের পুত্র। গ্রিক দেবরাজ। কথিত আছে তিনি আপন জননীর যত্নে জনকের নিষ্ঠুর গ্রাস হইতে রক্ষা পাইয়াছিলেন। কেননা অপসের পুত্র হইবা মাত্র তাহার স্বামি সেটরণ সেই সদ্যজাত শিশুকে গ্রাস করিত কিন্তু যুপিতরের জন্ম হইবা মাত্র তাহার জননী তাহার রক্ষাহেতু সেটরণের হস্তে এক বৃহৎ প্রস্তর প্রদান করিয়া প্রবঞ্চনার দ্বারা কহিয়াছিল এই পুত্র প্রসব করিয়াছি তাহাতে সেটরণ আপন জায়ার দ্বারা এতদ্রূপ প্রবঞ্চিত হইয়া প্রস্তরকে পুত্র জ্ঞানে গ্রাস করিবায় যুপিতরের প্রাণ রক্ষা হইল।

ব্রাইরস* কিম্বা টাইফন † নাম ধরে।
আছিল নিবাস যার টার্সস ‡ নগরে ॥

*শিলস এবং টেরার পুত্র। কথিত আছে ঐ অসুর পঞ্চদশ মস্তক ও শতবাহু ও বিকট রূপধারী। গ্রীককবি হোমারকৃত কাব্যগ্রন্থের প্রথমখণ্ডের ৫২২--৫২৯ পঁক্তিতে এমত বর্ণিত আছে যে যৎকালে জুনো মিনর্ভা ও নেপ্টিউন যোবের বিরুদ্ধাচারী হইয়া তাহাকে সিংহাসনচ্যুত ও শৃঙ্খলেতে আবদ্ধ করিতে সচেষ্টিত হইয়াছিলেন তৎকালে ঐ অসুর অমর ভুবনে গমনান্তর যোবের নিকটে এমত বিকটরূপ ধারণ করিয়াছিলেন যে তাহাতে বিরুদ্ধাচারি দেবদেবীগণ শৃঙ্খল পরিত্যাগ পূর্ব্বক অভিপ্রেত কুকর্ম্ম সাধনে নিবৃত্ত হইয়াছিল।

† এক বিখ্যাত অসুর। টেরা ও টারটারষের পুত্র। ড্রাগণ নামক সর্পের ন্যায় ঐ অসুরের শত মস্তক ছিল তাহার মুখ হইতে প্রজ্বলিত নাশক অগ্নিশিখা বিনির্গত হইত, ও নানাবিধ জন্তু এককালে চীৎকার করিলে যদ্রূপ ভয়ানক শব্দ হয় সেই দৈত্য তদ্রূপ ভয়ানক শব্দ করিত। তাহার জন্ম হইবামাত্রে সে আপন ভ্রাতৃ অসুরগণের মৃত্যুর প্রতিহিংসার নিমিত্তে এমত বিকট রূপ ধারণ করিয়া অমর পুরে দেবদেবীগণসহিত যুদ্ধ করণাশয়ে গমন করিয়াছিলেন যে তাহা দরশন করিয়া দেবদেবীগণ স্ব২ রূপ রূপান্তর করত ভিন্ন রূপ ধারণ করিয়া রক্ষা পাইয়াছিল।

‡ শিলিশিয়া প্রদেশের রাজধানী। ইহার আধুনিক

ইহাদের সঙ্গে দৈত্য গঠনে সমান।
মহাবীর পরাক্রান্ত বীর শয়তান॥
রাঘব নামেতে প্রাণী ঈশ্বর যাহারে।
সৃষ্টি মধ্যে সৃজিলেন বৃহৎ আকারে॥
ভাসিয়া বেড়ায় যেই সমুদ্রের জলে।
ঘুমাইয়া থাকে আর নরোয়ে* সলিলে॥
রাত্রিকালে দিশাহারা কোন কর্ণধার।
চালাইতে ছিল ক্ষুদ্র তরি আপনার॥
হেন কালে রাঘবেরে দ্বীপ জ্ঞান করে।
ফেলিল নঙ্গর তার শরীরের ধারে॥
সে শরীর ছিল বটে অতি শল্কময়।
মন্দ বায়ু প্রতিকূলে তরণী চাপায়॥
রজনী আবৃত ঘোরা সাগর উপরে।
প্রতীক্ষিত উষা গৌন কৈল আসিবারে॥
তাহে তদপেক্ষা করি রহিল তথায়।
এইরূপ বহুতর নাবিকেতে কয়॥
প্রধান দৈত্যের দেহ তাদৃশ বিস্তৃত।
শৃঙ্খলেতে বদ্ধ আছে অনলে পতিত॥

নাম টেরাসস এস্থলে পৌল প্রেরিতের জন্ম হয়।

* ইউরোপ খণ্ডের উত্তরাংশস্থিত রাজ্য ইহার পশ্চিম ও উত্তরে উত্তরীয় মহাসমুদ্র পূর্ব্বদিকে সুইডিবলাপ লাণ্ড ও সুইডেন এবং দক্ষিণে কাটিগট।

যদ্যপি ঈশ্বর তাকে নিজ আজ্ঞা দানে।
রাখিতেন ঘোর কষ্টে ফেলিয়া সেস্থানে ॥
তবে তথা হৈতে নাহি পারিত উঠিতে।
ফলে শেষে উঠেছিল তাঁর অনুজ্ঞাতে ॥
মুক্ত করিলেন তাকে হইতে অনল।
ঘোর মন্দ কল্প তার করিতে সফল ॥
পুনঃ২ অন্যে দুঃখ দিতে সে চেষ্টিত।
ফলতঃ আপনি হবে বিপদে মণ্ডিত ॥
ঈর্ষাযুক্ত হৈয়া যত ক্রোধে দিবে ভর।
দেখিবে অসীম দয়া নরের উপর ॥
আছিল পতিত যারা তাহার কথায়।
দেখিবে তাদের প্রতি ঈশ্বর সদয় ॥
ত্রিগুণ প্রমাদ কিন্তু হিংসা কোপ আর।
পড়িবে আপন শিরে হয়ে ভয়ঙ্কর ॥
সেই অগ্নিকুণ্ড হতে তদা সেই বীর।
উত্থান করিল নিজ বৃহৎ শরীর ॥
হস্তদ্বয়ে অগ্নিশিখা ঠেলিল পশ্চাতে।
উচ্চ নীচ ঢেউবৎ লাগিল চলিতে ॥
তাহাতে তরঙ্গ মাঝে হৈল যেই স্থান।
ভয়ানক উপত্যকা হৈল তাহে জ্ঞান ॥
নিজ পক্ষদ্বয় দৈত্য বিস্তারিয়া শেষে।
বেগে লম্ফ দিল ঊর্দ্ধ গমনের আশে ॥
বায়ু পরে দিল পরে অসম্ভব ভর।

তাহে ভারগ্রস্ত বায়ু হইল তৎপর ॥
শেষে শুষ্ক ভূমিপরে বীর উত্তরিলে।
দেখে কুণ্ডবৎ তাহা জ্বলিছে অনলে ॥
পিলোরা * অথবা এট্‌না † গিরির অন্তরে।
গন্ধকাদি থাকে যথা তাদের আকরে ॥
যথা গিরি ভেদে তাহা বায়ু সহকারে।
আসিয়া আগ্নেয় স্রোত ভূমি দগ্ধ করে ॥
ধূমাদিতে সে ভূমির যেরূপ বরণ।
তদ্রূপ স্থানেতে বীর কৈল পদার্পণ ॥
হেন স্থানে উত্তরিলে দুষ্ট শয়তান।
উপনীত হৈল তথা দ্বিতীয় প্রধান ॥
তথায় গমন করি কহে আনন্দেতে।
ঐশিকানুমতি বিনা আপন শক্তিতে ॥
ষ্টাইজিয়া ‡ নামধারী সরোবর হতে।
উঠিয়াছি দেখ মোরা গান্ধকীস্থলেতে ॥

দৈত্যপতি অবশেষে কহিতেছে সবিশেষে
এ কি দুখময় রাজ্য স্থান চমৎকার।

* শিশিলি দ্বীপস্থ এক অন্তরীপ ইহার আধুনিক নাম ফেরো। এট্‌না নামক গিরির নিকটস্থিত।
† শিশিলি দ্বীপস্থ আগ্নেয় পর্ব্বত।
‡ নরকস্থ সরোবর।

স্বর্গের অভাবে এবেঃ এপ্রদেশে বাস হবেঃ
স্বর্গ জ্যোতি ত্যজি কি সহিব অন্ধকার ॥
যেই জন সম্প্রতিঃ হইয়াছে অধিপতিঃ
করিতে সক্ষম বটে যথার্থ বিষয় ।
কিম্বা আজ্ঞা দিতে পারেঃ সেইকর্ম্ম করিবারেঃ
অতএব হউক তাহা কিবা তাহে ভয় ॥
যেই আমাদের সনেঃ সমতুল্য হয় জ্ঞানেঃ
তাহাহৈতে দুরে বাস করাই উচিত ।
তুল্য জন দলোপরিঃ মাত্র শ্রেষ্ঠ বলে অরিঃ
এই হেতু বর্ত্তমানে প্রধান গণিত ॥
এরূপ কহিয়া পরেঃ স্বর্গ প্রতি দৃষ্টি করেঃ
কহিতে লাগিল পুনঃ উক্ত শয়তান ।
ওরে সুখময় স্থানঃ এবে তোমায় তেজিলামঃ
তোমাতে সর্ব্বদা হর্ষ করে অবস্থান ॥
অধোমুখে অবশেষেঃ নরকের প্রতি ভাষেঃ
আর অহঙ্কার করে বলে উচ্চৈঃস্বরে ।
ওরে নারকীয় স্থলঃ হউক তব মঙ্গলঃ
এখন গ্রহণ কর নূতন কর্ত্তারে ॥
আনিয়াছে যেই জনঃ হেন দৃঢ়তর মনঃ
দেশ কাল গুণে তাহা কভু নাহি ফিরে ।
নরকেরে স্বর্গ আরঃ স্বর্গেরে নরকারঃ
স্বস্থানে বসিয়া মন করিবারে পারে * ॥

* এষ্টৈরিক নামক সম্প্রদায়ের এতদ্রূপ মত ছিল । এজন্য

যদি আমি হেন জনঃ আর থাকে সেই মনঃ
তবে কি ভাবনা আছে স্বর্গের কারণ।
কেবল সে স্বর্গপতিঃ পরাক্রমে শ্রেষ্ঠ অতিঃ
তাহে মাত্র ন্যূন আছি ওহে বীরগণ॥
অতএব এই স্থলেঃ স্বাধীন হইয়া ফলেঃ
থাকিতে পারিব মোরা অতি সমাদরে।
ইথে আমাদের প্রতিঃ বুঝি স্বর্গ অধিপতিঃ
ঈর্ষা দ্বেষ না করিবে এই অধিকারে॥
আর সর্ব্বশক্তিমানঃ হইতে এ বাসস্থানঃ
তাড়াইয়া নাহি দিবে অনুমান হয়।
আমরা এখানে তবেঃ নিরাপদে চিন্তাভাবেঃ
করিতে পারিব রাজ্য হইয়া নির্ভয়॥
স্বর্গীয় দাসত্বাপেক্ষাঃ * নরকের রাজ্য রক্ষাঃ

মিলটন তাহাদিগেকে বিদ্রূপ করণের অভিপ্রায়ে এমত বর্ণনা করিয়াছেন যে ভূতনাথের মুখহইতে এসমস্ত কথা বিনির্গত হইয়াছে। আর ইহাতে এমত স্পষ্ট দৃষ্ট হয় যে আমাদিগের কবি প্রকারান্তরে এপৌত্তলিকদিগের মনুষ্যত্ব স্বীকার না করিয়া বরং তাহাদিগের প্রেতত্ব প্রকাশ করিয়াছেন।

* জুলিয়স সিজার এমত কহিয়াছেন যে রোম নগরে দ্বিতীয় (অর্থাৎ রাজার অধীন কিন্তু অন্যের প্রধান) হওনাপেক্ষা সামান্য ক্ষুদ্র গ্রামের রাজা হওয়া মহত্ত্ব সূচক ও বাঞ্ছনীয়।

করা ভাল মম মতে জানহ নিশ্চয় ।

বিস্মারক কুণ্ডজলেঃ বিমোহিত দূতদলেঃ

বসতি করিতে দেওয়া শ্রেয়স্কর নয় ॥

কেনইবা এই স্থানেঃ তাহাদের আহ্বানেঃ

ক্ষান্ত থাকি মোরা ইহা অতি অনুচিত ।

কেন নাহি পুনর্ব্বারঃ করিতে স্বর্গাধিকারঃ

আমরা সকলে এবে থাকি সুচেষ্টিত ॥

স্বর্গ লাভ যদি হয়ঃ তাহে কিবা ফলোদয়ঃ

নরকেতে বা কি ক্ষতি দেখিব এখন ।

অতএব মোরা এবেঃ রণে রত হই সবেঃ

শ্রেণীবদ্ধ হৈয়া করি অস্ত্রের ধারণ ॥

শুনিয়া শয়তান রবঃ কহিলেক বিলাসিববঃ

শুন দীপ্ত সেনাপতি কহি হে তোমারে ।

সর্ব্বশক্তিমান বিনেঃ ঐ সব দৈত্যগণেঃ

অন্য কেহ না পারিত জয় করিবারে ॥

তারা তব যেই স্বরেঃ বিপদে অথবা ডরেঃ

সাহস পাইত বারম্বার ।

অথবা সংগ্রাম স্থলেঃ আপদ ঘটনা হলেঃ

তব রবে স্থির হৈত আর ॥

এবে তারা সেই রবেঃ পুনঃ সাহসিক হবেঃ

শক্তিমান্ হইবে এখন ।

দেখ তারা এ সময়ঃ পড়িয়াছে মৃতপ্রায়ঃ

পূর্ব্বে মোরা ছিলাম যেমন ॥

বটে তারা নিরুপায়েঃ মূর্চ্ছিত নরকালয়েঃ
তাহাতে আশ্চর্য্য কিবা আছে।
যেহেতু অত্যুচ্চ হতেঃ অধঃপাত হইবাতেঃ
এই ভাবে পড়িয়া রহিছে ॥

তাহার এরূপ বাক্য হৈলে সমাপন।
শয়তান নরকতটে করিল গমন ॥
স্বর্গীয় বৃহৎ এক ঢাল চক্রাকার।
স্কন্ধোপরে লইলেক দৈত্য আপনার ॥
টাস্কনীয়* শিল্পকর। যথা দূরবীণে।
থাকিয়া ফেসলি† কিম্বা বেলডার্ণো¶ স্থানে ॥
নিশিযোগে চন্দ্রমারে করে দরশন।
তথাকার নদী শৈল প্রকাশ কারণ** ॥

*ইটালি দেশস্থ রাজ্য ইহার উত্তরাংশে রোমাগ্না বলো গ্নিস মোডিনিস এবং পারমেসান্ পূর্ব্ব ও দক্ষিণাংশে পাপাধিকার এবং পশ্চিমাংশে লক্কা এবং জিনোয়া ॥

‡ টাস্কন প্রদেশস্থ গ্যালিলিও নামক ব্যক্তি। কথিত আছে আকাশ মণ্ডলস্থ নক্ষত্রাদির ভাব দরশন নিমিত্ত তিনি প্রথমে দূরবীক্ষণ যন্ত্র নিযুক্ত করেন।

† ফ্লোরেন্স সন্নিকটস্থ এক শহর।

¶ তিন পৃথক২ শব্দের যোগে বেলডারনো শব্দের উৎপত্তি হইয়াছে যথা ব্যালি ডি আরনো অর্থাৎ আরনো পত্যকা। টস্কানি প্রদেশস্থ আরনোপত্যকা।

** টাস্কন প্রদেশস্থ গ্যালিলিও নামক ব্যক্তি দূরবীক্ষণ

সে চন্দ্রের তুল্য ঢাল *পরিধি প্রস্থেতে।
দৈত্য অধিপতি স্কন্ধে লাগিল ঝুলিতে॥
নরওয়ের গিরিস্থিত দীর্ঘ তরুগণ।
কাটিয়া মাস্তুল করে জাহাজে যেমন॥
দৈত্যের বড়শার সনে যদি কর তুল।
ক্ষুদ্র তৃণ তুল্য বোধ হয় সে মাস্তুল॥
হেন বড়শায় দৈত্য দিয়া নিজ ভর।
করিলেক গতি দগ্ধ মৃত্তিকাউপর॥

যন্ত্রের দ্বারা চন্দ্রোপরিস্থ নক্ষত্রাদি প্রকাশ করণ কি
সিযোগে চন্দ্রমাকে দর্শন করিয়াছিল এমত বর্ণনে সে
স্থানিক হিন্দুগণের আশ্চর্য্য বোধ হইতে পারে যেহেতু
ইহা তাহাদের মতের বিপরীত বর্ণন.

*হোমার এমত বর্ণন করিয়াছেন যে এখিলিজের দা
লের পরিধি ও প্রস্থ চন্দ্রমার তুল্য। কিন্তু মিলটন এমত
বর্ণন করিয়াছেন যে সেই চন্দ্র দূরবীক্ষণ যন্ত্রের দ্বারা
দর্শনে যদ্রূপ পরিধি প্রস্থে বৃহদাকার দৃষ্টগোচর হয় তাহা-
র ঢাল পরিধি ও প্রস্থে তদ্রূপ বৃহৎ।

হোমার ও অশিয়ন কবি ক্ষুদ্র গ্রন্থে বৃহৎ দেব
দারু বৃক্ষের সহিত বীরগণের বড়শা বর্ণনে তুলিত করিয়া-
ছে কিন্তু মিলটন এমত বর্ণন করিয়াছেন যে তদ্রূপ
বৃহৎ দেবদারু বৃক্ষের সহিত শয়তানের বড়শা তুলিত
করিলে ঐ সকল বৃহৎ তরু তুল্য না হইয়া বরং সামান্য
তৃণবৎ জ্ঞান হয়।

স্বর্গীয় গতির তুল্য তার গতি নয়।
চতুর্দ্দিগে কত বহ্নি লাগে তার গায়॥
তাহাও সহিয়া দৈত্য ক্ষণ কালপরে।
দাঁড়াইল আসি প্রজ্বলিত কুণ্ডতীরে॥
শেষে ডাকে দূতদলে যাহারা পতিত।
নরকেতে রহিয়াছে হইয়া মূর্চ্ছিত॥
ব্যালম্ব্রসা* তীরে শরৎ কালেতে যেমন।
তরু পত্র পড়্যা থাকে তাহারা তেমন॥
সে তীরেতে দেখ ইটারিয়া† বৃক্ষগণ।
শাখাপত্রে করি থাকে ছায়া আচ্ছাদন॥
ওরায়ণ‡ বায়ুতে সুফ সাগর¶ কম্পিলে।
ভাসমান নল যথা দোলে তার জলে॥

* টাস্কান দেশস্থ উপত্যকা। দুই প্রকার শব্দের সংযোগে ব্যালম্ব্রসা শব্দের উৎপত্তি হইয়াছে যথা, ব্যালিস, অম্ব্রা, অর্থাৎ ছায়াচ্ছাদিত উপত্যকা।

† ইটালি দেশস্থ বিখ্যাত স্থান। তাহার উত্তরে সেক আল্পস ও এপিনাইন গিরি। দক্ষিণ ও পূর্ব্বদিকে টাইবর নদী। এবং পশ্চিমে টাইরিণিয়ন সমুদ্র।

‡ আকাশমণ্ডলস্থ নক্ষত্রবিশিষ্ট অস্ত্রধারি নরাকার যাহার উদয়ে বেগবান বায়ু অর্থাৎ ঝটিকা উপস্থিত হয়।

¶ এরেবিয়া এবং আফরিকা মধ্যস্থিত সমুদ্র অর্থাৎ যে সমুদ্রদ্বারা এরেবিয়া এবং আফরিকা পরস্পর পৃথক আছে। ঐ সমুদ্র দীর্ঘে অষ্টসহস্র পঞ্চাশৎক্রোশ এবং

মেম্‌ফিস* দেশীয় সৈন্য মহাবীরগণ।
সঙ্গে লৈয়া বুসারিস† করিল গমন॥
মহা অহঙ্কারী হৈয়া আরক্ত লোচনে।
ধাইল গোসেন‡ বাসি নরগণ পানে॥
স্রুফ সাগরেতে তারা ডুবিয়া মরিল।
গোসেন্ বাসিরা অন্য কূলহতে দেখিল॥
ভগ্ন রথ অস্ত্র সহ তাহারা সকলে।
তরঙ্গে ভাসিছে স্রুফ সাগরের জলে¶॥

প্রস্থে একশত ক্রোশ। উত্তরদিগে সোএজনামা স্থান দ্বারা মেডিটারেনিয়ন সমুদ্রহইতে পৃথক আছে এবং দক্ষিণে বাবেলমেণ্ডেলনামা খাড়িদ্বারা ভারতসাগরে সম্মিলিষ্ট হইয়াছে। ধর্ম্মগ্রন্থে ঐসমুদ্র সুবিখ্যাত আছে।

*ঐ শব্দে মিশরদেশ বুঝায়

†ডাক্তর পিয়ার্স এবং হিউগসাহেব এমত ব্যাখ্যা করিয়াছেন যে বিউসাইরিস শব্দে ফিরৌন নৃপতিরে বুঝায়।

‡ যে মিশর দেশস্থ গোসেন নামক স্থানে ইব্রাহিমের বংশ অর্থাৎ ইস্রায়েলেরা নিবসতি করিয়াছিল।

¶যাত্রাপুস্তকে এমত বর্ণিত আছে যে যৎকালে ইস্রায়েল বংশ মিশরদেশ পরিত্যাগপূর্ব্বক মুসার সহিত স্রুফসাগরের তটে পহুছিলে ফিরৌন রাজা আপন বন্ধু বান্ধব শকট প্রভৃতি চতুরঙ্গিণী সেনাসহ তাহাদিগকে মিশরদেশে পুনর্ব্বার লইয়া যাইবার নিমিত্তে আসিয়াছিলেন তৎকালে মুসা স্রুফসাগর বারিতে আপন যষ্টি আঘাৎ করিলে বারি দুইভাগে পৃথক হইয়া তন্মধ্যে শুষ্ক

শয়তানের সঙ্গিগণ নরক সাগরে।
মূর্চ্ছিত হইয়া ভাসে তদ্রূপ প্রকারে॥
শয়তান ডাকিল সবে শেষে উচ্চস্বরে।
তাহে হৈল প্রতিধ্বনি নরক ভিতরে॥
ওহে বীর মহাযোদ্ধা রাজগণ যত।
তোমাদের ছিল পূর্ব্বে স্বর্গ অধিকৃত॥
অনন্তাত্মা গণে যদি আশ্চর্য্যেতে গ্রাসে।
তবে তাহা নষ্ট হৈল এবে অনায়াসে॥
অথবা তোমরা কি হে রণান্তে এ ধাম।
মনোনীত করিয়াছ করিতে বিশ্রাম।
স্বর্গেতে পাইতা সুখ শয়নে যেমন।
এখানে কি শ্রান্তি দূর হতেছে তেমন॥
কিম্বা হেন দুর্দশাতে করিয়াছ পণ।
বিজয় কর্ত্তাকে সবে করিতে অর্চ্চন॥

ভূমি প্রকাশমান হইবায় ইস্রায়েল লোকেরা নিরাপদে সাগর পার হইয়া অন্য কুলে পহুছিল তদ্দর্শনে ফিরৌণ রাজার অশ্ব শকট চতুরঙ্গিণী সেনা সমস্ত সাগর মধ্যস্থ শুষ্ক ভূমিপরে আসিবায় দুই পার্শ্ব হইতে অতি বেগে তরঙ্গ উথলিয়া তাহাদিগকে জলে নিমগ্ন করিল তাহাতে তাহারা প্রাণ পরিত্যাগ করিবায় ভগ্নশকট মৃত অশ্ব সহ সাগর বারিতে ভাসমান হইয়াছিল। এতৎ স্থলে আমা দিগের কবি শয়তানের দুর্দ্দশাগ্রস্থ সঙ্গিগণকে মিশর দেশস্থ ফিরৌন রাজার উক্ত সেনাসহ তুলনা করিয়া ছেন।

যে দেখে কিন্নর আর সিদ্ধকের* দলে।
ভগ্নাস্ত্র পতাকা সহ ভাসিছে অনলে॥
পাছে স্বর্গদ্বারহৈতে দুর্দ্দশা দেখিয়া।
দ্রুতগামি দূতগণ আইসে নামিয়া॥
পদতলে আমাদিগে করিয়া দলন।
বজ্র শৃঙ্খলেতে পাছে করিয়া বন্ধন॥
অতলস্পর্শ এই কূপের ভিতরে।
বদ্ধ করি রাখে আমাদের সকলেরে॥
অতেব জাগৃত হও শীঘ্র উঠ তবে।
নতুবা নিধন প্রাপ্ত হও হেথা সবে॥

যেমন প্রহরীগণেঃ প্রভুর অনুপস্থানেঃ
ছাড়িয়া কর্ত্তব্য কর্ম্ম ঘুমায় অলসে।
পরে কর্ত্তা সেই কালেঃ তথা উপস্থিত হলেঃ
সত্বরেতে শেষে তারা উঠে বৈসে ত্রাসে॥
তদ্রূপ দূতেরা শুনেঃ লজ্জিত হইয়া মনেঃ
বায়ুপরে শীঘ্র তদা কৈল আরোহণ।
যদ্যপি মন্দাবস্থায়ঃ থাকিয়া যন্ত্রণা পায়ঃ
তথাপি তাহার বাক্য করিল শ্রবণ॥

*স্বর্গীয় দূত।

যেমন মিস্রীয়* দেশেঃ ঘটেছিল কুদিবসেঃ
মুসার† যষ্টি নদীজলে হৈলে আলোড়িত।
পঙ্গপাল‡ অগণনঃ করিলেক আগমনঃ
পূর্ব্ব বায়ু সহকারে তথায় উপস্থিত॥
ফিরৌণের অধিকারঃ শূন্যে তারা দিয়া ভরঃ
নাইল¶ প্রদেশ কৈল অন্ধকারময়।

---

*আফ্রিকাস্থ দেশ দুইশত পঞ্চদশ ক্রোশ দীর্ঘে এক শত পঞ্চবিংশতি ক্রোশপ্রস্থে। উত্তরে মেডিটেরিনিয়ান সমুদ্র পূর্ব্বদিকে সুফসাগর এবং সোএজ্ নামক স্থান দক্ষিণে নিউবিয়া এবং পশ্চিমে মরুভূমি।

† যিহুদীদিগের ব্যবস্থাপক তাহার জনকের নাম এমরাম ও জননীর নাম যোকিবেড্।

‡ধর্ম্ম গ্রন্থের যাত্রাপুস্তকে এমত বর্ণিত আছে যে মুসা মিশর দেশোপরি আপন যষ্টি বিস্তার করিলে প্রভু পরমেশ্বর তদ্দেশে সমস্ত দিবারাত্রি পূর্ব্ব বায়ু বহাইলেন পরে প্রাতঃকালে তদ্বায়ু সহকারে পঙ্গপাল উপস্থিত হইয়া সমুদয় মিশর দেশ আচ্ছাদন করিবায় ঘোরতিমিরাচ্ছন্ন হইয়াছিল এবং তদ্রূপ ভয়ানক পঙ্গপাল কখন কাহার দৃষ্টগোচর হয় নাই ও পরেও কখন হইবে না। আমাদিগের কবি এই বর্ণনের প্রতি দৃষ্টি রাখিয়া শয়তানের সৈন্যের শঙ্খ্যা বর্ণন করিয়াছেন।

¶আফ্রিকা দেশস্থ নদী। এবিসিনিয়া নিউবিয়া ও মিশর দেশদিয়া ঐ নদী বেগবতী হইয়া মেডিটেরিনিয়ান

সেই মত অগণনঃ নারকীয় দুতগণঃ
নরকের সর্ব্বদিগে উড়িয়া বেড়ায় ॥
দুতপতি সকলেরেঃ বর্শা দেখাইল ঠারেঃ
শূন্যহৈতে নামিবারে তপ্ত ভুমিপর।
তাহে দেখ সে সময়ঃ নামি দুত সমুদয়ঃ
করিল আচ্ছন্ন গিয়া গান্ধর্কী প্রান্তর ॥

সাগরে মিশ্রিত হইয়াছে। মিশর দেশস্থ লোকেরা ঐ নদীর অর্চ্চনা করিত ও তদ্দেশীয় যাজকগণ এমত বর্ণন করেন যে ঐ নদী স্বর্গ হইতে বেগবতী হইয়া ভূমণ্ডলস্থ হইয়াছে। হোমার কবি এমত বর্ণন করিয়াছেন যে ঐ নদী স্বর্গ বা যোব অর্থাৎ গ্রীক দেবরাজ নিকট হইতে উৎপত্তি হইয়া ভুমিস্থ হইয়াছে বোধ হয় হোমার এই কথা মিশর দেশে শ্রবণ করিয়া ঐ নদী বিষয়ে এতদ্রূপ বর্ণন করিয়াছেন কেননা কথিত আছে তিনি মিস্রীয় লোকের মধ্যে শিক্ষিত হইয়াছিলেন সুতরাং তাহা কর্ত্তৃক এমত বর্ণন [illegible] দেশের [illegible]। এ প্রদেশে হিন্দু লোকেরা যদ্রূপ গঙ্গা নদীকে [illegible] বস্তু বলিয়া মান্য করিয়া থাকে তদ্রূপ মিশর দেশস্থ লোকেরা নাইল নদীকে অর্চ্চনা করিত। এবং নাইল নদীর উৎপত্তির বিষয়ে যেরূপ বর্ণন আছে গঙ্গার উৎপত্তিও তদ্রূপ হিন্দু শাস্ত্রে প্রকাশমান আছে।

উত্তর প্রদেশহতেঃ তত লোক* একত্রেতেঃ

ডেনো † কিম্বা রাণী‡ নদী পার হয়ে সকলে।

বন্যাবৎ বেগে ধাইয়াঃ জিব্রাল্টর¶ খাঁড়ি দিয়াঃ

কদাপি না এসেছিল লেবীয় অঞ্চলে॥

সেরূপ দুষ্টের দলঃ পরাক্রান্ত মহাবলঃ

প্রত্যেক দলের কর্ত্তা হৈয়া একত্রিত।

ধায়ে সবে সেই ক্ষণেঃ শয়তানের বিদ্যমানেঃ

অবিলম্বে গিয়া তথা হৈল উপনীত॥

তাহাদের যে লাবণ্যঃ নরহৈতে অগ্রগণ্য

দেব তুল্য তাহাদের সুন্দর গঠন।

* চারিশত শকের সময়ে সেসকল গথ ব্যাণ্ডাল, এবং হন, নামক বিখ্যাত রণোৎসাহি বীরগণ ইউরোপখণ্ডের [দ]ক্ষিণ প্রদেশে বন্যাবৎ হইয়া জিব্রালটার নাম্নী খাঁড়ি [পা]র হইয়া লিবিয়া বা আফ্রিকা অঞ্চল পর্য্যন্ত বিস্তা[রি]ত করিয়াছিল তাহাদিগের বিবরণ।

† ইউরোপ খণ্ডের জারমেনি, হঙ্গেরি, এবং টরকী, প্রদেশস্থ এক বিখ্যাত নদী।

‡ ইউরোপ খণ্ডের সুইটজার[ল্যা]ণ্ড জারমেনি ও হ[ল]ণ্ড প্রদেশস্থিত এক বৃহৎ ও বিখ্যাত নদী।

¶ স্পেইন ও আফ্রিকার মধ্যস্থিত এক ক্ষুদ্র খাড়ি। যে [ভূ]মধ্য(মিডিটেরি[নি]য়ান) মহাসমুদ্রে গমনাগমন করিবার এক পথ স্বরূপ। ঐ ক্ষুদ্র খাঁড়ি দীর্ঘে ১২ ক্রোশ প্রস্থে ৭॥ক্রোশ এবংঅতিবেগবতী স্রোত।

রাজার সমান মানেঃ তত্তুল্য শক্তির গুণেঃ
পূর্ব্বে অধিকৃত ছিল স্বর্গ সিংহাসন ॥
তাহাদের নাম আদিঃ বটে চিরকালাবধিঃ
স্বর্গীয় পুস্তকমধ্যে ছিল উল্লেখিত ।
রাজদ্রোহ করিবাতেঃ জীবন-পুস্তক হতেঃ
মুছিয়া ফেলাতে তাহা এক্ষণে রহিত ॥
হাওয়া বংশ নরজাতিঃ তদা তাহাদের প্রতিঃ
কোনহ নূতন নাম নাহি দিয়াছিল ।
নরজাতি পরীক্ষার্থেঃ ঈশ্বরের আজ্ঞামতেঃ
পৃথ্বীর উপরে তারা ভ্রমণ করিল ॥
তাহে বহু নরগণেঃ মিথ্যা ও শঠতা গুণেঃ
করিলেক অধার্ম্মিক ভুলায়ে স্রষ্টারে ।
অদৃশ্য গৌরব তাঁরঃ* নির্ম্মাইয়া পশ্বাকারঃ
সুশোভিত করি তাকে স্বর্ণ অলঙ্কারে ॥

---

* পৌত্তলিকেরা আপনাকে জ্ঞানি জানিয়া অজ্ঞানি হওত অনশ্বর ঈশ্বরকে গৌরব না দিয়া নশ্বর মনুষ্য ও পশু ও পক্ষী ও উরোগামি প্রভৃতির আকৃতি বিশিষ্ট প্রতিমাকে অর্পণ করিয়াছে। এই প্রকারে তাহারা ঈশ্বর সত্যধর্ম্মের বিনিময়ে মিথ্যা ধর্ম্ম গ্রাহ্য করিয়া সত্য সচ্চিদানন্দ সৃষ্টিকর্ত্তাকে ত্যাগ করিয়া সৃষ্ট বস্তুর পূজা করিয়াছে ॥ রোম ১-২২-২৩ ॥ দ্বিতীয় বিবরণ ২৩' ১৭। আর বর্ণিত আছে যে তাহারা ঈশ্বরের উদ্দেশে বলিদান না করিয়া পূর্ব্বে যে দেবগণকে জানিত না এমত আধুনিক নিকটবর্ত্তি স্থান হইতে উপস্থিত দেবগণের

পরে সেই প্রতিমারেঃ শিখাইল পূজিবারেঃ
দানবেরা বহুসংখ্য মানব সন্তানে।
লওয়াইল সব দৈত্যেঃ ঈশ্বরের পরিবর্ত্তেঃ
হস্তকৃত প্রতিমূর্ত্তি সর্ব্বদা পূজনে॥
এইরূপে দৈত্যগণেঃ পৌত্তলিক সন্নিধানেঃ
নানা মূর্ত্তি করিলেক তৎকালে ধারণ।
ইথে সবমূর্ত্তি ক্রমেঃ পৃথকং নামেঃ
দেবতা রূপেতে খ্যাত হয়েছে এখন॥

এবে শুন স্বর্গ কবি করি নিবেদন।
তাহাদের নাম সব করগো কীর্ত্তন॥
প্রথমত অগ্নিইহতে শেষে কোন জন।
উঠিলেক দৈত্যপতি কৈলে আবাহন॥
তাঁর অবস্থিতি স্থানে সেই নদী তীরে।
দ্বিতীয় প্রধান আইল একা ধীরেং॥

উদ্দেশে হোম করিয়াছে এবং সত্য ঈশ্বরকে বিস্মৃত হইয়াছে॥ আমাদিগের কবি এমত কহিয়াছে যে নানা কীয় দৈত্যগনে ঐ সমস্ত কর্ম্ম করিতে নরগণকে শিক্ষা দিয়াছে এবং ঐ সমস্ত হোম যাগ যজ্ঞাদি ভূতগণের উদ্দেশেই হইয়া থাকে॥ এ বিবেচনা অমূলক নহে কেননা ধর্ম্মগ্রন্থে এমত বর্ণিত আছে যে পৌত্তলিকেরা যে বলিদান করে তাহা ঈশ্বরের উদ্দেশে নহে কিন্তু ভূত গণের উদ্দেশে ও তাহারা প্রেতগণের সহভাগী ১। করি ১০-২০-॥

জনতা করিয়া সব দৈত্য অগণন।
দাণ্ডাইয়া বায়ুভরে আছিল যখন॥
প্রধান২ বীর যেই দৈত্যগণ।
অগ্নিকুণ্ড হতে তারা কৈল আগমন॥
মৃগয়ার্থে ধরাপরে করিয়া ভ্রমণ।
ঈশ্বরের সমীপে স্থাপিল নিজাসন॥
তাঁহার বেদির কাছে ঐ দৈত্যগণ।
অপবিত্র বেদি সব করিল স্থাপন॥
তাঁর নিকটস্থ সব নর জাতিগণে।
দেব ভাবে পূজা কৈল ঐ দৈত্যগণে॥
যে ঈশ্বর সীওনেতে করেন গর্জ্জন।
কিরূবের মধ্যচারী* প্রভু যিনি হন॥
নিবাস করিতে হেন ঈশ্বরের স্থানে।
সাহসিক হয়েছিল সেই দূতগণে॥
সুপবিত্র স্থান তাঁর কৈল অধিকার।
ধর্ম্মকর্ম্ম অপবিত্র করিলেক আর॥
পূর্ণ কৈল দিয়া ঘৃণ্য শপ্ত বস্তুগণ।
তাদের তিমিরে নষ্ট তাঁহার কিরণ॥
প্রথম মোলক† রাজ নীতিভয়ঙ্কর।

*কিরুবিমের মধ্যস্থিত প্রভু পরমেশ্বরের সিন্দুক বিষয়ক বর্ণন। ১ রাজা ৬,২৩। ২,রাজা ১৯,১৫।

†মোলকনামের অর্থ ভয়ঙ্কর রাজা। আম্মোনাইট

যার অগ্রে হৈত বলি বহুসংখ্য নর ॥
সেই দেব সদা সিক্ত নরের রুধিরে।
অধিকন্তু পিতৃ মাতৃ নয়নের নীরে ॥
অগ্নিক্ষিপ্ত শিশুগণ করিয়া চীৎকার
যাতনাতে বারম্বার করে হাহাকার ॥
সেই শোকরব যেন না হয় শ্রবণ।
তদর্থে মৃদঙ্গ ঢক্কা হইত বাদন ॥
রাবাতে* অথবা তার সজল প্রান্তরে।

দিগের দেবতা। নরবলিতে তিনি তৃপ্ত হইতেন। আ ম্মোনাইটদিগের রাবা নামা রাজধানীতে উক্ত দেবের অর্চ্চনা হইত। ১ রাজা ১১,৭। লৈব ১৮,২০। পিত্তল নির্ম্মিত ফাঁপা দেহ বৃষের ন্যায় তাহার মুখ ও মনু ষ্যের ন্যায় হস্ত। ঐ মূর্ত্তি অগ্নিতে উত্তপ্ত করিয়া তদ্যাজকগণ শিশুগণকে তাহার হস্তে অর্পণ করিত তাহাতে তাহারা চীৎকার করত নিষ্ঠুর কালের করাল গ্রাসে পতিত হইয়া প্রাণ পরিত্যাগ করিত। কার থেজ নামা স্থানে ডেরায়স নামা নরপতি দ্বারা ঐ দেবা র্চ্চনা নিবারিত হইয়াছিল এবং দ্বিতীয় কনেষ্টান্টাইন দ্বারা ইউরোপখণ্ডেও তাহার অর্চ্চনা নিবারিত হয় ॥

*আম্মোনাইটদিগের প্রধান নগর রাবা, যর্দন ও আর্ণন নদীর উত্তর পূর্ব্বদিগ স্থিত. গিলিএড এবং আর্ণন গিরিহইতে ঝরণা নামিয়া ঐ রাজধানী জল ময় হইত একারণ ধর্ম্ম গ্রন্থের ২ সিমু ১২,২৭। ইহা

বেশনের* মধ্যে আর আর্গব । মাঝারে ॥
অন্তঃসীমার্ণন ‡ নামে যে নদী বিশেষ ।
তার তীরাবধি আছে যতেক প্রদেশ ॥
সে সকল স্থানে তদা আম্মোনীয় গণ ।
করিত মোলক নামে দেবের অর্চ্চন ॥
যদিও এসব রাজ্যে তার শিষ্যগণ ।
বিলজ্জ রূপেতে তাকে করিত পূজন ॥

রাবি নগরনামে বর্ণিত আছে ঐ নগর দায়ুদ নামা নর পতি লুঠ করিয়া নগরবাসিগণকে দাসত্বাবস্থায় রাখিয়া ছিলেন এবং ইউরায়া নামা দাস ঐ স্থানে প্রাণ পরি ত্যাগ করিয়াছিল । ২ শিমু ২২,২৭ ।

আম্মোনাইটের নিকটস্থ দেশ ।

। আম্মোনাইটদিগের নিকটস্থ এক দেশ তাহা য র্দ্দন নদীর পূর্ব্বদিক্স্থিত এবং অতিশয় বৃহৎ ও উর্ব্বরা ও বহু লোকের বাসস্থান । দ্বিতীয়বিবরণ ৩, ১৩-১৪ এমত বর্ণিত আছে যে ঐ স্থান বেশন প্রদেশস্থ অগ নামক নৃপতির অধি[illegible] ছিল, পরে ইহা ত্রেকোনাইট নামে খ্যাত হইয়াছিল ।

‡ আর্ণন নামের অর্থ বন্য আশ বৃক্ষ । ঐ নদীরতীরে বহুতর আশ বৃক্ষ বৃদ্ধি হইবায় উহা আর্ণন নামে খ্যাত হইয়াছে । গিলিএড নামা গিরি হইতে ইহার ঝরণা নামিয়াছে এবং ঐ নদী যর্দ্দন নদীর পূর্ব্বদিক স্থিত ।

তথাপি সে দৈত্য নাহি হৈয়া তুষ্টমনা।
জ্ঞানী সুলেমানে* ছলে করিল বঞ্চনা॥
ঈশ্বর মন্দিরাগ্রেতে ঘৃণাগিরি† পরে।
নির্ম্মাইতে স্বমন্দির লয়াইল তারে॥
হিন্নম‡ কন্দর মাঝে যেই সুখস্থান।
তথা হয়েছিল তার নিকুঞ্জ নির্ম্মাণ॥

* সুলেমান নামের অর্থ কুশলাকাঙ্ক্ষী। দায়ুদ ও বেথশিবার পুত্র ইস্রায়েলদিগের তৃতীয় রাজা খ্রীষ্টের জন্মের ১০২৯ বৎসর পূর্ব্বে তাহার জন্ম হয়, চল্লিশ বৎসর রাজত্ব করিয়া বাইট বৎসর বয়ঃক্রমে কালগ্রাসে পতিত হন যদিও তিনি নরজাতির মধ্যে অত্যন্ত জ্ঞানী তথাপি লাম্পট্যাদি কর্ম্ম পরিত্যাগ করিতে সক্ষম হয়েন নাই॥

† ১রাজাবলি একাদশ অধ্যায়ের সপ্তম ও অষ্টম পদে এমত বর্ণিত আছে যে সুলেমান যিরূশালমের সম্মুখস্থ পর্ব্বতে মোয়াবের মোলকনামে ঘৃণার্হ দেবের জন্যে বেদি নির্ম্মাণ করিল এইরূপে তাহার বিদেশীয় যে স্ত্রীগণ আপন দেবের উদ্দেশে ধূপ জ্বালাইত ও বলিদান করিত তাহাদের সকলের জন্যে সেও তদ্রূপ করিল॥

‡ হিন্নম নামের অর্থ সুখদ। হিন্নমের পুত্র হিন্নম নামানুসারে ইহা হিন্নমোপত্যকা নামে খ্যাত আছে। মোরিয়া নামা গিরি সন্নিকটস্থ উপত্যকা যিরূসালেমের দক্ষিণ পূর্ব্বদিগস্থিত, তাহার দক্ষিণেও সিভেত্ত নাম গিরি।

এরোইরাবধি নিবো॥ তাহার রাজত্ব।
দাক্ষিণস্থ এবারিমেরা অরুণ। পর্য্যন্ত ॥
সীওনেরগ্ম রাজ্য, হরোনেম,** হিজিবনা, !

*মোয়াবাইট দিগের এক নগর যাহা গীলিএডনামা ঐ দেশস্থ আর্ণন নদীর তীর স্থিত এবং গেডনামা গোষ্ঠী পুত্রের বংশের অধিকৃত। সিরিয়াস্ত ডেমাস্কস্ নামা নগরের নিকটে এরোইর নামে অন্য এক নগর ছিল ॥

†পিস্গানামক গিরির নিকটস্থ মোয়াবাইট দিগের এক নগর। যিরূশালম হইতে ১০ ক্রোশ দূরে ও সিদোম সমুদ্রের পূর্ব্বদিগ স্থিত ॥

‡সিদোম সমুদ্রের পূর্ব্বদিগে স্থিত এক পর্ব্বতের শ্রেণি ॥

¶আম্মোনাইটদিগের রাজা সিওন। তাঁহার নামের অর্থ সমূলোৎপাটন বা সম্পূর্ণরূপে বিনষ্ট করণ। ঐ রাজা আপন প্রতিবাসিগণকে অত্যন্ত নিষ্ঠুর রূপে যাতনা দিতেন ॥ তাঁহার রাজ্য দিয়া ইস্রায়েল দিগকে পথ না দেওয়া প্রযুক্ত অতি ঘোরতর রক্তাক্ত যুদ্ধ উপস্থিত হইবায় তিনি ইস্রায়েল লোককর্ত্তৃক রণে পরাভূত হইয়া সমুদয় রাজ্য চ্যুত হয়েন। গণনা ২১। ২২৩। ঐ সিওন রাজা মোয়াবীয়দিগের নিকট হইতে হরোনেম রাজ্য অধিকার করিয়াছিলেন একারণ গ্রন্থকর্ত্তা কবি এস্থলে এমত বর্ণন করিয়াছেন যে হরোনেম প্রভৃতি নগর তাঁহার অধিকৃত।

দ্রাক্ষোৎপাদি শিবমায় * স্থলি পুষ্প বন ॥
এই সব স্থানে আর ইলিএলাবধি ।
অন্তর্সীমা এস্ফাল্টিকা‡ নামক বারিধি ॥

**মোয়াবের নগর তথায় নিহিমিয়ের প্রধান শত্রু সিনবল্লেট নামা ব্যক্তির জন্ম হয় ॥

‡হেজিবন বা হেশবন। এই শব্দের অর্থ গণনা বা ভাবনা কিম্বা শিক্ষা দেওন। ঐ স্থানে এক বিদ্যালয় থাকা প্রযুক্ত তাহা হেজিবন অর্থাৎ শিক্ষা দেওন নামে বিখ্যাত হইয়াছে ইহা আমোরাইটদিগের সাইহন নামা নৃপতির রাজধানী। যর্দ্দন নদী হইতে ১০ ক্রোশ দূর স্থিত। পূর্ব্বে ঐ স্থান মোয়াবীয়দিগের নৃপতির অধিকৃত ছিল তাঁহাকে রণে পরাজয় করিয়া আমোরাইট দিগের সাইহন নামা নরপতি তাহা অধিকার করেন পরে মুসা তাঁহাকে রণে পরাভূত করিয়া ঐ রাজ্য রুবেন বংশ মধ্যে বিভাগ করিয়া দিয়াছিলেন ॥

---

*ঐ স্থানে অতিশয় দ্রাক্ষা লতা উৎপন্ন হইবায় ধর্ম্ম গ্রন্থে বিখ্যাত আছে। যিরি। ৪৮। ৩২।

। হেশবননামা স্থান হইতে ইলিয়েল ৩।০ ক্রোশ দূর স্থিত এক নগর। তথায় অধিক দ্রাক্ষা লতা ও অন্যান্য উত্তম ২ ফলোৎপাদি বৃক্ষ উৎপন্ন হয় ॥

‡ এস্ফালটিক শব্দের অর্থ কটু তিক্ত লবণাক্ত আটাবৎ দ্রব্য। যুডিয়াস্থ এক কটুতিক্ত লবণাক্ত আটাবৎ দ্রব্যের হ্রদ। পরমেশ্বর দ্বারা সিদম ও গমোরা নামা নগর অগ্নি ও গন্ধকেতে দগ্ধ হইবায় ঐ হ্রদের উৎপত্তি হয়। এক

ইত্যাদি প্রদেশে কিমসের অধিকার।
দ্বিতীয় দানব রাজ্য আছিল বিস্তার ॥
ইস্রায়েল বংশ যদা নাইল হইতে।
উপস্থিত হৈল আসি সিটিম* স্থানেতে ॥
তদা উক্ত দৈত্যরাজ করিয়া ছলনা।
সেই সব নরগণে কৈল প্রবঞ্চনা ॥
তাহাতে করিয়া সবে উক্ত দেবে ভক্তি।
তাহার লাম্পট্যে রত হৈল যথাশক্তি ॥
পিয়রা নামেতে তাঁকে করিয়া অর্চ্চনা।
পাইলেক বহুক্লেশ মনস্তাপ নানা ॥

শে তাহা সিদোন সমুদ্র বা এস্ফালটিক বারিধি নামে খ্যাত হইয়াছে ॥

*সিটিম শব্দের অর্থ কণ্টক বা কোড়া। মোয়াবের প্রান্তরস্থিত স্থান। যর্দ্দন নদীহইতে চারি ক্রোশ দূরস্থিত। তথায় ইস্রায়েল লোকেরা শিবির বিস্তার করিয়া বেলেম নামাব্যক্তির কুমন্ত্রণায় মোয়াবীয় স্ত্রীলোকদিগের সহিত ব্যভিচার কর্ম্ম এবং কিমোস নামা দানব অর্থাৎ বেএল পিওর দেব প্রতিমার্চ্চনা করিবায় স্বয়ং জীবি প্রভু পরমেশ্বরের ক্রোধানলে পতিত হইয়া চতুর্বিংশতিসহস্র ইস্রায়েলেরা বিনষ্ট হয়। নিয়ম সিন্দুক যে কাষ্ঠে নির্ম্মিত হইয়াছিল তাহা ঐ সিটিম নামা স্থানে জন্মিত।

‡পিয়র বা বেএল পিয়র শব্দের অর্থ উলঙ্গ দেবতা বা প্রভু বা সর্ব্ব সাধারণের গোচরে যিনি উলঙ্গ রূপে প্র

তাহার লাম্পট্য আর বিধর্ম্ম আচার।
মোলকের কুঞ্জাবধি ব্যাপিল সত্বর ॥
ইথে ঘৃণ্য গিরি* পরে হৈল বিস্তারিত।
ঘৃণার নিকটে কাম হইল স্থাপিত ॥
তৎপরেতে সাধুবর নামে যোশাইয়া†।

কাম্যমান হন। মোয়াবাইট ও মিডিওনাইটদিগের এক দেব প্রতিমা। রোমানেরা ও গ্রীকেরা পিরিয়াপস নামে তাহাকে অর্চ্চনা করিত। আদি ৯, ২১ নোহের অবস্থা বর্ণন হইতে পৌত্তলিকদিগের এই প্রতিমার উৎপত্তি হইয়াছে। যর্দ্দনের পূর্ব্বদিগস্থিত মোয়াবাইট দিগের এক গিরি পিয়র নামে বিখ্যাত ছিল যেহেতুক তথায় বেথপিয়র অর্থাৎ পিয়র দেবের মন্দির ছিল॥ মোয়াবাইটদিগের পরামর্শ ও মিষ্ট বাক্যে ইস্রায়েল লোকেরা প্রবঞ্চিত হইয়া ঐ পিয়র দেব প্রতিমার অর্চ্চন করণানন্তর অতিশয় ক্লেশে মগ্ন হইয়াছিল। গণনা ২৫, ৯। যাত্রা ২৫। ১০। যাত্রা। ২৭।

---

*যিরূশালমের সম্মুখ স্থিত গিরিপরে সুলেমান কিমস দেবের নিমিত্তে এক মন্দির নির্ম্মাণ করিয়াছিলেন। ১ রাজা। ১১, ৭।

† যোশাইয়া শব্দের অর্থ প্রভুর অগ্নি বা উৎসাহ। যিহুদার অষ্টাদশ নৃপতি। যদিচ তাহার পিতা পিতামহ অতিশয় দুষ্ট দুরাচারী নিষ্ঠুর ছিল তথাপি তিনি ধর্ম্ম পরায়ণ ও প্রভুভক্ত ছিলেন তাহার অষ্টম বর্ষে তিনি রাজ্য

প্রকৃতপক্ষে তাহাদের দিন পাঠাইয়া।
সঙ্গে২ এষ্টারথী বাওয়ালিমাগণ।

ভার গ্রহণ করিয়াছিলেন এবং একাশী বৎসর পর্য্যন্ত রাজ্য করিয়া মোজিড্ডি নামা স্থানে মিসর দেশাধিপতি ফিরৌণ নিকো নৃপের বিরুদ্ধে রণ করণানন্তর সগ্রাম স্থলে করাল কৃতান্তের বশীভূত হয়েন। যিরিমীয় ভবিষ্যদ্বক্তা তাঁহার মরণ বিষয়ে অনেক খেদোক্তি করিয়াছেন। ২ বংশাবলি ৩৫। ২৫।

*ইস্রায়েল বংশের সুলেমান রাজা সিদোনীয় দিগের ঘৃণার্হ অস্তারেথদেবীর কারণ এবং মোয়াবীয়দের ঘৃণার্হ কিমস দেবের কারণ ও আর্মোন বংশের ঘৃণার্হ মোলক দেবের কারণ বিনাশক পর্ব্বতের দক্ষিণস্থিত যিরূশালেমের সম্মুখে যে২ উচ্চ স্থান করিয়াছিল তাহা রাজা অশুচি করিল এবং সেই সকল প্রতিমা ভাঙ্গিয়া ফেলিল ও দেবতা বৃক্ষ ছেদন করিয়া তাহা মনুষ্যের অস্থিতে পরিপূর্ণ করিল।

† "ভিমস" নামে ঐ দেবীকে আশুরীয় সিরীয় ফিনিকীয়, সাইদোনীয় কারথেজীয় মিসরীয়, গ্রীশ দেশীয় এবং রোমান লোকেরা অর্চ্চনা করিত। ঐ দেবীর নামের অর্থাৎ এষ্টারথ শব্দের অর্থ পশুপাল। এতদ্রূপ নামে ঐ দেবীর আখ্যা হওনের কারণ এই যে তাঁহারা ঐ দেবীর নিমিত্তে বহুতর মেষ ও ছাগাদি তাহার সম্মুখে বলিদান দিতেন। রোমানেরা তাহাকে জুনো এবং

প্রাচীন ফরাতাবধি করিল গমন ॥

ভিনস নামে পূজা করিত এবং সাকশনেরা ইষ্টার নামে তাহার অর্চ্চনা করিত এবং আপ্রেল মাসে তদুদ্দেশে মহোৎসব করিত। প্রাচীন সাকশন লোকেরা উক্ত মাস অর্থাৎ আপ্রিল মাসকে ইষ্টার নামে আখ্যা দিত। কেহ২ ঐ দেবীকে স্ত্রীলোকাধিষ্ঠাত্রী দেবী কহে ॥

‡ বাওয়ালিম বা বেএল শব্দের অর্থ প্রভুগণ বা প্রভু ইতিহাসে বর্ণিত আছে যে পৃথিবীর মধ্যে বাওয়ালিম প্রথম দেব প্রতিমা। বাবিলন প্রদেশস্থ নিমরোদ বা বেলস নামা নরপতির পঞ্চত্ব হওনের পর তৎসুত নাইনাশ আপন মৃত পিতার প্রতিমূর্ত্তি গঠন করাইয়া বেল নামে বিখ্যাত করণানন্তর বাবিল প্রদেশস্থ যাবদীয় লোককে ঐ প্রতিমার্চ্চনে প্রবর্ত্ত করিল। ঐ দেব প্রথমতঃ বেল নামে বিখ্যাত হইয়া ক্রমে পাত, সিওস, পিয়র এবং জিফস্ নাম প্রাপ্ত হইয়াছিলেন। গ্রীশ দেশীয় লোকেরা জিয়শ নামে তাঁহার পূজা করিত। রোমান লোকেরা জুপিতরনামে তাঁহার অর্চ্চনা করিত। গল প্রদেশে ঐ দেব বেলেনশ নামে খ্যাত হইয়া পূজিত ছিলেন। সাকশন লোকেরা থর নামে ঐ দেবের আরাধনা করিত ॥

---

* ধর্ম্ম গ্রন্থের আদিপুস্তকের দ্বিতীয় অধ্যায়ের চতুর্দ্দশ পদে যে২ নদীর নামোল্লেখ আছে তাহার মধ্যে ফরাৎ নদী বৃহৎ ও বিখ্যাত। আরমিনিয়া নাম্না প্রদেশস্থ গিরি হইতে ঐ নদীর উৎপত্তি হই

মিসর সিরিয়া* যেই নদীতে বিভক্ত।
সেপর্যান্ত তাহাদের ছিল বহু ভক্ত॥
বাওয়ালিমগণ হয় দেবরূপে খ্যাত।
এষ্টারথগণ দেবীরূপে প্রকাশিত॥
কেননা অমরগণ ইচ্ছায় আপন।
নর নারীরূপ পারে করিতে ধারণ॥
ভূতগণ একাঙ্গেতে বটে সমকালে।
নর নারীরূপ ধরে অদ্ভুত কৌশলে॥
কেননা তাহারা হেন রূপেতে নির্ম্মিত।
অস্থি মাংস রক্তে তাহা নহে জড়ীভূত॥
কিন্তু তারা যেইরূপ মনে ইচ্ছা করে।
ছোট বড় কৃষ্ণ গৌর হইবারে পারে॥

র। নিসপতেমিয়া ও বাবীলন নানা দেশ দিয়া প্রায় ১০০০ হাজার ক্রোশ পর্য্যন্ত বেগবতী হইয়া পারসীর সাগরে মিলিত হইয়াছে॥ আমাদিগের কবির এই নদীকে প্রাচীন বলিবার কারণ এই যে অতি প্রাচীন ও প্রথম ইতিহাস লেখক মুসা কৃত আদি পুস্তকের দ্বিতীয় অধ্যায়ের চতুর্দ্দশ পদে ঐ নদীর নামোল্লেখ আছে।

*আসিয়া স্থিত এক দেশ। তাহার উত্তরাংশে টরুশ নামা গিরি শ্রেণি পূর্ব্ব দিগে ফরাৎনদী ও আরব দেশের কিঞ্চিৎ অংশ; দক্ষিণে আরব ও মিসর দেশ এবং পশ্চিমে মেডিটারেনিয়ন নামা সাগর॥

অথবা উজ্জ্বল কিম্বা অন্ধকারময় ।
যাহা ইচ্ছা করে তাহা সদা পূর্ণ হয় ॥
সিদ্ধ করিবারে পারে ভৌতিক কল্পনা ।
অথবা শত্রুতা আর প্রেমের সাধনা ॥
ইস্রায়েল বংশ পায়ে এই দেবগণ ।
জীবিত ঈশ্বরে তারা হৈল বিস্মরণ ॥
তাঁর প্রতি যজ্ঞ হোম সকলে ত্যজিল ।
পূর্ব্ব উক্ত দেবগণে পূজিতে লাগিল ॥
পশ্বাকৃতি দেব অগ্রে করিয়া ভকতি ।
নত মস্তকেতে যথা করিল প্রণতি ॥
তুচ্ছ অরি বর্শা বিদ্ধ হইয়া সকলে ।
তদ্রূপ রূপেতে তারা পড়ে রণস্থলে ॥
ইহাদের সঙ্গে দেখ কৈল আগমন ।
এষ্টোরেথ নামে যিনি প্রকাশিত হন ॥
এষ্টার্টি* নামেতে তাকে কিনিশীয় † গণ ।

---

* ফিনিশীয় দেশস্থ এক দেবী, গ্রীশ দেশীয় লোকেরা তাহাকে বিনশ নামে অর্চ্চনা করিত। শিরীয়া প্রদেশস্থ হাইরোপোলিস নগরে তাহার নিমিত্তে এক মন্দির প্রতিষ্ঠিত ছিল ও তাহার সেবার্থে তথায় ৩০০ যাজক ছিল তাহারা সর্ব্বদা তথায় বলি প্রদান করিত ॥

† মেডিটারেনিয়ান সাগর সমুদ্রতটস্থ এক ক্ষুদ্র দেশ ।

"স্বর্গীয় মহিষী" বলি করিত পূজন ॥
সে দেবীর শুন আর রূপ চমৎকার।
অর্দ্ধচন্দ্র শৃঙ্গ যুক্ত মস্তক তাহার॥
সাইডোনিয়ন † কুমারীরা চন্দ্রিমা নিশিতে।
করিত কীর্ত্তন সবে তাহার নামেতে॥
সিওনেতে তদুদ্দেশে হৈত সংকীর্ত্তন।
যেখানে আছিল তার মন্দির স্থাপন॥
পৌত্তলিক মনোরমাগণের কৌশলে।
হইয়া কামুক রাজ ‡ প্রবঞ্চিত ছলে॥
মন্দির নির্ম্মাণ কৈল ঘৃণাগিরির পরে।
কুৎসিত প্রতিমার্চ্চনে প্রবর্ত্ত সাদরে॥

---

* যিরি। ৭। ১৮॥ ১ রাজা ১১। ৫। ২রাজা ২৩। ১৩॥

† পিলেষ্টীয়দেশস্থ সিরিয়া নাম্না অঞ্চল স্থিত ও মেডিটারেনিয়ন সাগর তটস্থ এক নগর।

‡ ধর্ম্ম গ্রন্থে এমত বর্ণিত আছে যে তাঁহার সাত শত স্ত্রী ও অনেক রাজ কন্যা এবং [illegible] ছিল তাহারদিগের মিষ্টবাক্যে সুলেমান সম্পত্তি প্রবঞ্চিত হওনাশঙ্কায় [illegible] বিস্মৃত হইয়া মনোরমা নবীনা রাজকন্যাদিগের [illegible] নিমিত্তে দেবপ্রতিমা পূজার [illegible] করিয়াছিলেন। ১ রাজা ১১। ১-৮॥

¶ [illegible] নানা পুস্তক।

থেমস্* নামক দেব আইল পশ্চাতে।
লিবাননো হৈতে যার বার্ষিক আস্বাদ॥
কামাসক্তা হৈয়া শিরীয়ন রামাগণ।
শরৎ কালেতে তার করিত অর্চ্চন॥
এডোনিষ নদী রক্তবর্ণে সেইকালে।
প্রবিষ্ট হইত গিয়া সমুদ্রের জলে॥

---

*থেমস শব্দের অর্থ মৃত্যু বা লুক্কায়িত। ঐ দেবের সন্নিধানে তাহার শিষ্যগণ লাম্পট্যাদি কুক্রিয়া অতি সঙ্গোপনে করিত এবং সে সকল যদি কেহ অন্যের নিকট ব্যক্ত করিত তবে তৎক্ষণাৎ তাহার প্রাণ দণ্ড হইত এ কারণ ঐ দেব থেমস অর্থাৎ মৃত্যু বা লুক্কায়িত নামে বিখ্যাত ছিল সিরিয়াস্থ লোকেরা তাঁহাকে এডোনিষ বা থেমস নামে অর্চ্চনা করিত। আর কথিত আছে যে লিবানন নাম্না গিরিপরে ঐ দেব এক বনবরাহ দ্বারা হত হইয়াছিলেন এবং ঐ গিরি হইতে এডোনিষ নাম্নী নদী উৎপত্তি হইয়া ভুমিপতিতা হইয়াছে।

†শিরীয়া প্রদেশস্থ এক উচ্চ বৃহৎপর্ব্বত, তাহা প্রায় একশত ক্রোশ দীর্ঘ।

‡ আসুরীয় দিগের এক দেব প্রতিমা, তাহার জনকের নাম সিনুরিয়স ও জননীর নাম মিরা। কন্দর্পের ন্যায় তাঁহার সুন্দর গঠন। সর্ব্বদা শিকার করিতে তাহার মন রত থাকিবার প্রযুক্ত পাইন ও ভিনস নাম্নী সুন্দরী দেবীগণ তাঁহাকে ঐ কর্ম্মে নিবৃত্ত করিতে বলে।

শিওন কন্যারা উক্ত দেব রক্ত জ্ঞানে।
ব্যগ্রচিত্তে রত হৈত তাহার ভজনে ॥
তদ্বিষয়ে প্রেমাসক্তা হইয়া আনন্দে।
গীত বাদ্য প্রমোদাদি করিত স্বচ্ছন্দে ॥
ইজিকেল ভবিষ্যৎ বক্তা যেই জন।
পবিত্র প্রাসাদে সব কৈল দরশন ॥

চিত্ত চেষ্টা করিলে তিনি তাহাদিগের প্রবোধবাক্যে ক্ষান্ত না হইয়া তৎ কর্ম্ম সাধনে বনমধ্যে গমনকরিবায় বনবরাহের দ্বারা হত হইয়াছিলেন তাহাতে উক্ত ভিনস্ নাম্নী দেবী অত্যন্ত শোকাকুলা রোদন পরায়না খিদ্যমানা ও অধীরা হইয়া নয়ন নীরে মৃত এডোনিস্ দেহ সিক্ত করণানন্তর তদ্দেহ রূপান্তর করিয়া পুষ্পরূপ করিয়াছিলেন। আর কথিত আছে প্রসরপাইন নাম্নী সুন্দরী দ্বারা তিনি পুনর্জীবিত হইয়াছিলেন। ফিনিসীয় প্রদেশে এডোনিষনামা এক নদী ছিল. লিবাননামা গিরি হইতে ঐ নদী স্রোতবতী হইত. ও বর্ষাকালে ঐ নদীর জল রক্তবর্ণ হইবায় ঐ পৌত্তলিকেরা এমত বোধ করিত যে ঐ এডোনিষনামা দেবের রক্তে ঐ বারি লোহিত বর্ণ হইয়াছে ॥

* যিহুদীয়দিগের চারিজন প্রধান ভবিষ্যদ্বক্তার মধ্যে তিনি তৃতীয়, তিনি যাহ্যাবন্দ্ব'য় যুদ্ধে ধৃত হইয়া বেকোন্যার সমভিব্যাহারে বাব্লিন প্রদেশে দাসত্বাবস্থায় আ

* স্বপ্ন যোগে যদা ইহা কৈল দরশন।
ত্যজ্য যিহুদায় ঘোর প্রতিমাপূজন॥
করিলেক আগমন দেখ পরে তার।
শোক পেয়েছিল সেই দৈত্য অবতার॥
যুদ্ধলব্ধ সিন্দুক তাকে করিলে ছেদন।
গোবরাটের উপরেতে হইল পতন॥
দেখিয়া তাহাকে হস্ত মস্তক রহিত।
তাহার সেবকগণ হইল লজ্জিত॥
ডাগন* নামক সেই দৈত্য জলচর।
নিম্ন অঙ্গ মীন তার ঊর্দ্ধভাগ নর॥

নীত হইয়াছিলেন। তাঁহার পিতার নাম বুজ. কেহ২
* ভ্রমক্রমে তাঁহাকে পিথাগরাস বলিয়া ব্যাখ্যা করে। যিরূ
শালমস্থ ঈশ্বরের সুপবিত্র মন্দিরমধ্যে ইস্রায়েল নারীগণ
ঐ ঘৃণার্হ দেবার্চ্চনায় মগ্না হইয়াছিল তাহা ইজিকেল
ঈশ্বরীয় এক দর্শন দ্বারায় অবলোকন করিয়াছিলেন।
ইজি॥ ৮॥

---

*শিরীয়ন ও ফিলিষ্টীএনদিগের এক দেব প্রতিমা তাহার অর্দ্ধাঙ্গ মীন ও অর্দ্ধাঙ্গ মানব। গ্রীক ও রোমান লোকেরা নেপটিউন ও সেটরণ নামে তাহার অর্চ্চনা করিত. হিন্দুদিগের মধ্যে এতদ্রূপ দেব প্রতিমার অভাব নাই বোধ হয় হিন্দুদিগের মৎস্যাবতার ডাগন তাহার দুরাবস্থার বিষয়। ১ শিমু ৫, ২-৫ পদে উত্তম রূপে বর্ণিত আছে।

তথাপি মন্দির তার এজোটস্* স্থানে।
আছিল স্থাপিত নিত্য পূজার কারণে॥
পিলেষ্টীয় গাথ† দেশ আর এক্কেলন‡।
গেজারের¶ অন্তঃসীমা আর এথারণ**॥
এই সব দেশে উক্ত দেবতার ভয়।
সর্ব্বত্রেতে ব্যাপ্ত ছিল জানিবা নিশ্চয়॥
পরে আইল এক জন নামেতে রিমন††
ডেমাস্কস্‡‡ নগরেতে তার সিংহাসন॥

*পিলেষ্টীয় দেশস্থ এক নগর জপা, এবং এস্কেলননামা স্থান দ্বয়ের মধ্যস্থিত।

†পিলেষ্টীয়ানদিগের সমুদ্র নিকটস্থ এক প্রধান নগর তাহা যিরুশালমের পশ্চিমে ১৭ ক্রোশ দূরস্থিত।

‡ফিলেষ্টীয়ানদিগের এক প্রধান নগর। লিডিয়া এদেশস্থ এস্কেলমনামা ব্যক্তির দ্বারায় ঐ নগর স্থাপিত হইবায় তাহা এস্কেলন নামে বিখ্যাত হইয়াছে।

¶পিলেষ্টীয়দেশস্থ সিরিয়াস্থানের এক নগর। ঐ নগর মেডিটারেনিয়ন সাগর হইতে ১ ক্রোশ দূর স্থিত।

**ফিলিষ্টিয়ানদিগের এক নগর। তথায় ডাগন নামা দেবের কারণ এক বৃহৎ সুবিখ্যাত মন্দির ছিল।

††সিরিয়ন দিগের এক দেব প্রতিমা। ২ রাজা ৫.১৮।

‡‡সিরিয়া দেশস্থ এক নগর।

এবেনা* ফার্ফর নদী† তীরে সে নগর।
উর্ব্বরা সে নদীতট স্রোত মনোহর॥
পরন্তু সে ঈশ্বরীয় গৃহের বিরুদ্ধে।
করিলেক অত্যাচার নিজে মধ্যে মধ্যে॥
হারাইয়া কুষ্ঠি রোগী শিষ্যা এক জন।
আর এক নৃপবরেণ্য¶ পাইল তখন॥
সদাপ জ্ঞানান্ধ সম বিজয়ী আহেসে।
অধর্ম্মানুরক্ত কৈল পুন সবিশেষে॥
ঈশ্বরীয় বেদি সহ তুচ্ছ করিবারে।
দুরন্ত দানব পরে লওয়াইল তারে॥
যথা সাধ শিরিয়ন ধর্ম্ম বিধিমতে।
পুণ্য হোম যাগ যজ্ঞ সকল সাধিতে।
লওয়াইল পূজিবারে আর দেবগণে।
আছিল তাড়িত যারা তাহার তাড়নে॥
পরে আর এক দূত দল সমাগত।
যাহারা আছিল পূর্ব্ব নামেতে বিখ্যাত॥
ওসাইরিশ আইরিশ ওরশ** প্রভৃতি।

*ডেমাস্কসের নিকটস্থ এক নদী।
†ডেমাস্কস্ নিকটস্থ এক নদী।
‡ নামাননামা ব্যক্তি ২। রাজা ৫।
¶আহোসনামা নরপতি ২। রাজা ১৬, ১০।
**মিসর দেশীয়দিগেরপ্রধান২ বিকৃতি দেব প্রতিমা। অ

গুণেতে কুহকী অতি গঠনে বিকৃতি ॥
তারা শিক্ষা দিল সভে দেবতা অর্চ্চনে।
কিন্তু মিসরীয় আর তদ্‌যাজকগণে ॥
না পূজিয়া দেববর্গ নরের আকারে।
লওয়াইল পশ্বাকারে পূজিতে সভারে ॥
ইস্রায়েল লোক দেখ ওরেবে যখন।
স্বর্ণময় গোবৎসের করিয়া গঠন ॥
দেবভাবে পূজে তাকে তাহারা তখন।
হইয়াছিল অতিশয় দুঃখেতে মগন ॥

তিনি এমত বর্ণন করিয়াছেন যে যৎকালে অমর ভবনে অসুরগণ দেবগণের সহিত যুদ্ধ করিতে গিয়াছিল তৎকালে ঐ দেবগণ রূপান্তর হইয়া বৃষ কুক্কুর মার্জ্জার প্রভৃতির রূপ ধারণ করিয়াছিল তাহাতে মিস্রীয়ের ঐ দেবগণকে ঐ রূপে অর্চ্চনা করিত।

ধর্ম্ম গ্রন্থের যাত্রা পুস্তকের ৩২ অধ্যায় পাঠকরিলে এক বিষয় উত্তমরূপে পাঠকবর্গের বিদিত হইবে। তাহাতে এমত বর্ণন আছে যে মূসার অসাক্ষাতে ইস্রায়েল লোকেরা স্বর্ণময় গোবৎস নির্ম্মাণ করণানন্তর যজ্ঞবেদি নির্ম্মাণ করিয়া ঐ দেবোদ্দেশে উৎসর্গ করিয়া ধূপ দীপ জ্বালাইয়া অর্চ্চনা করিবায় ঈশ্বরের কোপানলে পতিত হইয়া অনেক দুঃখ ভোগ করিয়াছিল।

ঈশ্বর বিরুদ্ধাচারী দুরাত্মা নৃপতি* ।
বেথেল ও ড্যান স্থানে করিয়া ভকতি ॥
গবাকারে স্বর্ণঘটারে করিলে ভজন ।
হইল দ্বিগুণ রূপে সে পাপ বর্দ্ধন ॥
সেই সৃষ্টিকর্ত্তা নিশিযোগে এক দিন ।
মিসর প্রদেশ হৈতে যাওন কালীন ॥
সে দেশস্থ লোকদের পুত্র আদ্যজাত ।
আর পশুরনকারি দেবগণ যত ॥
স্বয়ং জীবি সে সকলে দিয়া একাঘাত ॥
করিলেন বিনাশিত সবে অকস্মাৎ ! ॥
বিনিয়েল নামে দূত দেখ পরিশেষে ।
করিলেক আগমন শুন সবিশেষে ॥
পাপাত্মা কামুক আর দেখ তার মত ।
স্বর্গ হৈতে অন্য কেহ না ছিল পতিত ॥

* ১ রাজা ১২,২৮-৩৩ পদে এমত বর্ণিত আছে যে জারবো য়াম নামা নরপতি দুই স্বর্ণময় গোবৎস নির্ম্মাণ করণানন্তর ইস্রায়েল রাজ্যের দুই অন্তঃসীমা অর্থাৎ বেথেল (যেখানে যাকুব বিখ্যাত স্বপ্ন দেখিয়াছিলেন) এবং ড্যান নামক স্থানে ঐ দুই স্বর্ণময় গোবৎস স্থাপন করিয়া ঐ পাপ দ্বিগুণরূপে বৃদ্ধি করিল ।

† ধর্ম্মগ্রন্থের যাত্রা পুস্তকের ত্রয়োদশ অধ্যায় পাঠকগণ পাঠ করিলে এতদ্বিষয় উত্তম রূপে বিদিত হইবেন ।

যজ্ঞ বেদি বা মন্দির তাহার কারণ।
হয় নাই কোন স্থানে কদাচ স্থাপন* ॥
তথাচ যাজকগণ দেখ যৎকালে।
ইলায়ের পুত্রবৎ† হইয়া সকলে ॥
নাস্তিক রূপেতে সত্য ঈশ্বর মন্দির।
লাম্পট্যাদি কুকর্ম্মেতে করয়ে অস্থির ॥
তথা সে দানব ভিন্ন আর কোনজন।
যজ্ঞবেদি মন্দিরেতে থাকে অনুক্ষণ? ॥
যথা রাজপুরী আর শোভিত নগর।
কলহ দুষ্ক্রিয়া আদি হয় নিরন্তর ॥
সেই নগরের দুর্গ অট্টালিকা পরে।
উঠিয়া পূর্ণিত হয় গগণ উপরে ॥
অত্যাচার প্রতিহিংসা হয় যেই স্থানে।
উক্ত দানবের রাজ্য দেখহ সেখানে ॥

*বিলিয়েলের স্মরণ মন্দির বা যজ্ঞবেদি কখন স্থাপিত হয় নাই ও দেবরূপে কখন কেহ তাহার অর্চ্চনা করে নাই, কিন্তু যখন মনুষ্যেরা ঈশ্বরকে না মানিয়া লাম্পট্যাদি কুকর্ম্মে রত হয়, তখন তাহাদিগকে বিলিয়েলের সেবক বলা যায়। দ্বিতীয় বিবরণ। ১৩,১৩।

† ইলায়ের পুত্রগণ শিমু ১ য়েলের দ্বিতীয় অধ্যায়ের দ্বাদশ পদে বিলিয়েল পুত্ররূপে বর্ণিত আছে।

রজনীতে রাজপথ কৈলে তমোময়।
বিলিয়েল শিষ্য কিম্বা তার ভক্তচয়॥
মদ্যে মত্ত হৈয়া কামভাবেতে তখন।
অহঙ্কারে সেই পথে করয়ে ভ্রমণ॥
সদমের রাজপন্থা দেখহ যেমন।
নিশিযোগে গিবীয়াতে* নারী এক জন॥
আতিথেয় দ্বারে ছিল রক্ষার কারণ।
কিন্তু বিলিয়েল শিষ্য কৈলে আক্রমণ॥
পুং মৈথুন বারণার্থে সেই গৃহপতি।
গৃহ বহির্গত কৈল আশ্রিত যুবতী॥
ক্রমে শ্রেষ্ঠ বলবান এই দূতগণ।
অন্যান্য দূতের কথা বাহুল্য বর্ণন॥
আইওনীয়† দেবগণ যাহারা বিখ্যাত।
জেভানেরা বংশাবলি তাদের পূজিত॥

* বিচার ১৯.২২ পদে গিবীয়াস্থ নরগণ বিলিয়েল শিষ্য নামে বর্ণিত আছে।

† আশীয়ামাইনরস্থ এক দেশ।

‡ নোহের পুত্র জাফেৎ তৎ সুত জেভান গ্রীশীয়েন ও জোনায়ান্ লোকেরা তাহার বংশ। স্বর্গ ও পৃথিবী তাহাদিগের প্রধান দেবতা।

তদ্বংশীয় পিতৃগণে অঙ্গীকার করে।
উক্ত দেবতারা সৃষ্ট স্বর্গ মর্ত্য পরে॥
স্ববংশে স্বর্গের আদ্য জাত টাইটন* ।
আর তার জন্মাধীন যত রাজ্য ধন॥
ছোট সেটরণ † করি বলে আক্রমণ।
অধিকার করিলেক আপনি তখন॥
টাইটনের প্রতি যথা কৈল সেটরণ।
আপনিও প্রতিফল পাইল তেমন॥
আপন ঔরস পুত্র রীয়া‡ গর্ভজাত।
জোভ নামে যেই জন আছিল বিখ্যাত॥

* অসুরগণের পিতা। স্বর্গ ও পৃথিবীর পুত্র। সেট রণনামা তাঁহার কনিষ্ঠ ভ্রাতা তাহাকে রাজ্যচ্যুত করিয়াছিল॥

† গ্রীশদেশীয়ও রোমীয় লোকদিগের এক দেবপ্রতিমা কেপিটোলাইন নামা গিরিপরে সেবাইনদিগের টেশিয়স নামা নরপতি ঐ দেবের কারণ প্রথম মন্দির স্থাপন করেন। টলসহষ্টীলস নামা নরপতি দ্বিতীয় মন্দির স্থাপন করেন এবং প্রথম কনসলগণ তৃতীয় মন্দির স্থাপন করেন এবং ঐ দেবকে জুপিতর রাজ্যচ্যুত করিয়াছিলেন।

‡ সিলস ও টেরার কন্যা সেটরণের বনিতা এবং গ্রীক দেবরাজ জুপিতরের মাতা।

বলে আক্রমিয়া তাকে করি পদচ্যুত।
করিল তাহার রাজ্য স্বয়ং অধিকৃত॥
আইডা* ও ক্রিটেতে। ইহার পূর্ব্বেতে।
প্রকাশিত ছিল সর্ব্ব লোকের সাক্ষাতে॥
প্রভুত্ব করিয়াছিল দেখ তার পরে।
হিমময় আলিম্পাস‡ গিরি শৃঙ্গোপরে॥
ডেলফিরনর্ণ¶ অদ্রি আর ডডোনা** প্রদেশে।

*ক্রিটনামা এক দ্বীপস্থ পর্ব্বত তদুপরে জুপিটের বা জোবের জন্ম হইয়াছিল॥

† ইহার আধুনিক নাম কেণ্ডীয়া।

‡ থেসালীনামা দেশস্থ পর্ব্বত। হোমারকবি হিমময় গিরি বলিয়া তাহাকে ব্যখ্যা করিয়াছেন পরে তাহা স্বর্গ নামে বিখ্যাত হয়।

¶ পারনাসস গিরি উপরিস্থ ডেলফিনামা নগর। তথায় গ্রীকদিগের এপলো অর্থাৎ সূর্য্য দেবের নিমিত্ত এক বিখ্যাত মন্দির প্রতিষ্ঠিত ছিল।

**ইপাইরস দেশস্থ এক নগর কেহ২ কহেন যে থেস প্রোশীয়া নামা দেশস্থ এক নগর। এবং অন্য২ লেখকেরা কহেন যে মলোশীস নামা দেশস্থ নগর তন্নিকটে জুপিটরের জন্য এক বিখ্যাত মন্দির স্থাপিত হইয়াছিল।

ডোরিক* দেশীয় সীমাপর্য্যন্ত সকলে ॥
বৃদ্ধ সেটরণ সঙ্গে হৈয়া পলায়িত।
ইহারা সকলে বটে ছিল প্রকাশিত ॥
এড্রিয়া † হৈতে হেস্পিরিয়ন‡ প্রান্তরে।
ভ্রমণ করিল সবে জানহ তৎপরে ॥
সেল্টীকগণ প্রদেশ দিয়া করিয়া গমন।
অন্তিম সীমাস্থ দ্বীপে** করিল ভ্রমণ ॥

অধোমুখে যদি সবেং থাকেং আঁখি ভরেং
বিষাদেতে হইয়া মগন ॥
তবু তারা স্বপ্রভুরেং নিরাশ নাহিক হেরেং
হৈল চিত্ত আনন্দিত মন ॥

* গ্রীশদেশ। ডোরিসনামা স্থান গ্রীশদেশের একাংশ।

† ইটালি ও তুরুস্কের মধ্যস্থিত এড্রিয়াটীকনামা সাগর।

‡ ইটালি বা লাটীন দেশ।

¶ ফ্রান্সদেশ ও অন্যং যে সকল স্থান সেল্টদিগের দ্বারায় পরাজিত হইয়াছিল।

**গ্রেট বৃটন ও আয়রলাণ্ড ও অর্কনী এবং অন্তিম সীমাস্থ থিউল অর্থাৎ আইসলাণ্ড নামা দ্বীপসকল।

বিনাশেতে দ্যাখে তারাঃ ধ্বস্ত নহে দানবেরাঃ
ইথে সবে হৈল আনন্দিত।
দৈত্যপতি দর্পে তবেঃ তাহা অনিশ্চিত ভাবেঃ
হইতে লাগিল প্রকাশিত॥
দৈত্যপতি তার পরেঃ উচ্চৈঃস্বরে অহঙ্কারেঃ
করি দার্থ বাক্যের বিন্যাস।
সাহস বাড়ায়ে বলেঃ আপনার দূত দলেঃ
দূর কৈল সকলের ত্রাস॥
পুনরায় তার পরঃ কহিলেক দৈত্যবরঃ
সসজ্জিত হও যথা সাধ্য।
তুরী ভেরী বাদ্য করেঃ জয়ধ্বজা তুলিবারেঃ
সকলেতে হও শ্রেণীবদ্ধ॥
দূত মধ্যে দীর্ঘাকারঃ এজাজেল* নাম যারঃ
কহিলেক তৎকর্ম্ম আপন।
এই হেতু সেই জনঃ পতাকা করি মোচনঃ
দীপ্তধ্বজা কৈল উত্তোলন॥
বায়ুবেগে সুচঞ্চলঃ উল্কাসম সমুজ্জ্বলঃ
মণি মুক্তা প্রবালে খচিত।

*দানবীয় এক দূত। তাহার নামের অর্থাৎ এজেজেল শব্দের অর্থ অন্যায় বা অস্বীকার করণে তৎপর বা নাস্তিক।

দুর্ভাগ্যের এত প্রভাঃ উজ্জ্বল অতুল্য শোভাঃ
জয় চিহ্নে পতাকা চিহ্নিত ॥
নানা রঙ্গে সে সময়েঃ তুরী ভেরী দুতে লয়েঃ
বাজাইল রণ শিঙ্গা আর।
শুনি বাদ্য সুশ্রবণেঃ অন্যঃ দৈত্যগণেঃ
ঘোর নাদে করিল চীৎকার॥
হেন দেখি চমৎকারঃ করিবারে চীৎকারঃ
ভয়ঙ্কর ঘটনা ত্বরিত।
সেই জয়ধ্বনি স্বরঃ নরক বিদীর্ণ পরঃ
মহাবেগে হৈল বহির্গত ॥
কেবল রাজ্যাধিকারিঃ কম্পান্বিত হৈল আরঃ
তাহে ভীত বৃদ্ধ অন্ধকার।
তার ক্ষণ কালপরেঃ উড়াইল শূন্য ভরেঃ
বহুধ্বজা বিচিত্র প্রকার ॥
সেই সঙ্গে দূতগণঃ বর্শা ঢাল অগণনঃ
নানা অস্ত্রে টোপে সুশোভিত।
পরিমাণ নাহি যারঃ সৈন্য শ্রেণী তাবঃ
দাঁড়াইল সবে একত্রিত ॥
প্রাচীন কালীন জাতঃ ভোরিণীয় বীর যতঃ
তুরী ভেরী রণ বাদ্য করে।
যুদ্ধ করি প্রীতিমতঃ নানা রঙ্গে একত্রিতঃ
দ্বন্দ্ব সজ্জ যাইতো সমরে ॥

আক্রোশের বিনিময়েঃ সুধীর সাহসী হয়েঃ
ছিল বটে তারা সুশিক্ষিত।
প্রাণ দণ্ড ভয় করেঃ না পলায়ে রণ ডরেঃ
রণ ক্ষেত্রে একত্রে যুঝিত ॥
বাজে বাদ্য যন্ত্র সবঃ সুস্পর্শে গম্ভীর ভাবঃ
তাহে স্নিগ্ধ করিবারে পারে।
দুশ্চিন্তা বেদনা ভয়ঃ সন্তাপাদি ক্ষোভচয়ঃ
বিদায় করয়ে সবাকারে ॥
এইরূপে ভূত যতঃ ডোরিনীয়* রীতি মতঃ
সুচিন্তায় হইয়া সুস্থির।
বংশী বাজাইয়া শেষঃ দগ্ধ প্রান্তরের ক্লেশঃ
দূর করি চলে সব বীর ॥
গিয়া দৈত্য সন্নিধানেঃ দাঁড়াইল বীর গণেঃ
ভয়ানক বটে দরশন।
অতি ভয়ানকোজ্জ্বলঃ অস্ত্রধারি সৈন্য দলঃ
দীর্ঘশ্রেণী হইল তখন ॥

*পূর্ব্বতন কালে তিন প্রকার রণ বাদ্য ছিল যথা লিডিয়ন ও ফ্রাইগিয়ন এবং ডোরিয়ন। লিডিয়ন বাদ্যের শোক সূচক গুণ। ফ্রাইগিয়ন্ বাদ্যের সাহসদায়ক গুণ। এবং ডোরিয়ন বাদ্য সর্ব্বোৎকৃষ্ট প্রতাপান্বিত গুণবিশিষ্ট।

লৈয়া বর্শা আর ঢালঃ সুসজ্জিত যেন কালঃ
প্রাচীনকালীন যোদ্ধামত।
রহিল শুনিতে বার্ত্তাঃ তাদের প্রধান কর্ত্তাঃ
করয়াছেন যাহা মনোনীত॥
তিনি তাহাদের পানেঃ হেরিলেন স্বনয়নেঃ
শ্রেণীবদ্ধ আছে রীতিমত।
দেবাকৃতি বীরগণঃ অবশেষ সঙ্কলনঃ
করিলেন তাদের সংখ্যা যত॥
তাহে দৈত্য ঘোরতরঃ প্রকাশিয়া অহঙ্কারঃ
বিক্রম করিল ব্যক্ত মুখে।
পাষাণ সদৃশ মনেঃ রণমত্ত হতজ্ঞানেঃ
আত্ম শ্লাঘা ভাষে নিজ মুখে॥
শয়তানের এত সেনাঃ নাহি করা যায় গণাঃ
নাহি কিছু তাহার তুলন;
নরের সৃজন হৈলেঃ এত সেনা কোন স্থলেঃ
কভু নরে না কৈল দর্শন॥
কেলিগ্রার* বীরগণঃ করেছিল যেই রণঃ
থিবসা ও ইলিয়মা স্থানে।

*মেসিডন দেশস্থ এক নগর। ঐ দেশে দেবাসুরের যুদ্ধ হইয়াছিল।

† বিওসিয়া দেশস্থ এক নগর। ইডিপসনামা নরপতির

আর সেই রণ কালেঃ ঐ দুই সৈন্য দলেঃ
আছিলেক যত দেবগণে ॥
আর উপাখ্যান খ্যাতঃ ইউথর* নৃপ সুতঃ
রেখেছিল বৃটীশা সেনা যত।
তৎসহ মহা বলঃ পরাক্রান্ত বীরদলঃ
আর্মোরীকা নামে ছিল খ্যাত ॥

পুত্রগণের পরস্পর যুদ্ধ হইবায় ঐ নগর বিখ্যাত হই য়াছে।

†ত্রয় নামা নগরের অন্য এক নাম ! হোমার কৃত ইলি এড নামা কাব্যগ্রন্থে তাহা সুবিখ্যাত আছে।

*ইউথরপেন্ড্রেগণ নামা নরপতি সুত আর্থর নামা নর পতি ইংরাজ বাহাদুর দিগের এক পূর্ব্বতন বিখ্যাত রণোৎসাহি পরিশ্রান্ত দান্ত রাজা।

†ইংলাণ্ড, স্কটলাণ্ড এবং ওয়েল্‌স নামা স্থান একত্রিত হইয়া বৃটননাম প্রাপ্ত হইয়াছে ও তথাকার লোকদি গকে বৃটীশ নামে ব্যাখ্যা করে॥

‡আর্মোরিকা নামা স্থানীয় নরপতি ও তাহার সৈন্যগণ

এস্পে মণ্ট* ভানস্কঃ মণ্টালবন। মরক্ক‡

কিম্বা ট্রেবিসণ্ডশ নাম স্থলে।

নাস্তিক কিম্বা খ্রীষ্টীয়ঃ ধর্ম্মাশ্রিত ব্যক্তি চয়ঃ

রণ ক্রীড়া করিত যৎকালে** ॥

হইতে আফ্রিক তীরঃ বাইষার্টার ।। যত বীরঃ

মহাবেগে কৈল আগমন।

ফণ্টারেবী।। নিকটেতেঃ মার্লিমেনশ্ব সসৈন্যেতেঃ

পরাভব হৈল করে রণ ॥

---

*এক অদ্ভুত স্থানের নাম। অরলাণ্ডফিউরিওশো নাম গ্রন্থে তাহা সুবিখ্যাত আছে।

†এক অদ্ভুত স্থানের নাম। অরলাণ্ডফিউরিওশোনাম গ্রন্থে তাহা সুবিখ্যাত আছে। কেহ২ এমত বোধ করেন ফ্রান্স দেশস্থ মণ্টবান নামা স্থান।

‡আফ্রিকাস্থ বৃহৎ রাজ্য॥

শ্বকেপাডোশীয়া দেশস্থ এক নগর।

**পূর্ব্ব উক্ত স্থান সকল খ্রীষ্টীয়ান ও নাস্তিক দিগের কৌতুকার্থ অস্ত্রদ্বারা যুদ্ধ করণ জন্য সুবিখ্যাত আছে।

।। আফ্রিকাস্থ স্থান। তাহার প্রাচীননাম ইউটিকা তথা হইতে সেরাশেন নামা লোকেরা স্পেন দেশে আগমন করিয়াছিল।

‡‡বিস্কে নাম সাগর তীরস্থ এক নগর।

শ্বশ্ব ফান্সদেশের রাজা ও জারমেনি দেশের বাদসাহছি

এসব দেশীয় সেনাঃ যদি করহ তুলনাঃ
শয়তানের সেনাগণ সনে।
তবে দেখ সে সকলঃ পক্ষি শিকারির দলঃ
তুল্য বোধ করে সর্ব্ব জনে॥
দৈত্যদল সর্ব্বমতেঃ নর জাতি সেনা হতেঃ
যদিও উৎকৃষ্ট ও অতুল্য।
তথাপিও সর্ব্বজনেঃ ভয়ামকাধ্যক্ষাধীনেঃ
করযোড়ে দাঁড়ায়ে রহিল॥
সেই স্থানে সে সময়েঃ দণ্ডায়মান হইয়েঃ
ছিল যত অধীন সৈন্যগণ।
তন্মধ্যেতে দৈত্যপতিঃ আছিল দাম্ভিক অতিঃ
দীর্ঘাকার তাহার গঠন॥

সেন ৮০০ সালে ঐ সার্লীমেননামা নরপতি স্বসৈন্যসহিত স্পেন দেশে সেরাসেনদিগের বিরুদ্ধে যুদ্ধ করিতে আগমন করিয়াছিলেন। মেরিনা ও স্পেন দেশস্থ ইতিহাস লেখকেরা একমত বর্ণন করিয়াছেন যে ঐ যুদ্ধে সার্লিমেন নামা নরপতি স্বীয় সৈন্যসহিত পরাভূত হয়েন, একারণ এই কাব্য গ্রন্থকর্ত্তা তদনুসারে এতদ্রূপ বর্ণন করিয়াছেন। সেক্সিয়ে এবং ফ্রেঞ্চ ইতিহাস লেখকেরা একমত বর্ণন করিয়াছেন, যে ঐ নৃপতি অবশেষে সেরাসেনদিগকে রণে পরাভূত করিয়াছিলেন।

যদি পূর্ব্বের গৌরবঃ আর মহোজ্জ্বলতা সবঃ
পুনঃরূপে হয় নাই ক্ষয়।
তবু তাহাকে প্রধানঃ পরাস্ত দৈত্য সমানঃ
হত শ্রীযুক্ত জ্ঞান হয়॥
যেমন যামিনী গতেঃ অরুণোদয় দিগেতেঃ
কুজ্ঝটিকা কৈলে আগমন।
তদা গগনমণ্ডলেঃ ভাস্কর উদিত হলেঃ
তার তেজো না হয় দর্শন॥
কিম্বা যথা কোনকালেঃ শশি রাহুগ্রস্ত হলেঃ
তার রশ্মি তেজঃহীন হয়।
পৃথিবীস্থ নরগণঃ করি তাহা দরশনঃ
বোধ করে অমঙ্গল উদয়॥
আর তাহে নৃপগণঃ করি অমঙ্গল ঈক্ষণঃ
চিত্তে হয় ভীত ও ভাবিত।
যদিও এমত মানঃ তথাপিও শয়তানঃ
অন্যাপেক্ষা উজ্জ্বল উদিত॥
তাহার বদনে তবেঃ বজ্রাঘাত চিহ্ন শোভেঃ
ম্লান মুখ অতি সন্তাপিত।
নিঃশঙ্কত অহঙ্কারঃ সাহস হিংসাদি আরঃ
ললাটেতে সম্পূর্ণ চিহ্নিত॥
তাহার নয়ন থেকেঃ অগ্নিবৎ মহাক্রোধেঃ
পরিপূর্ণ ভাব দেখা যায়।

যেহেতু সুখের কালেঃ সুখী দেখি দূত দলেঃ
এবে দেখে সবে দুঃখময় ॥
হাজারেঃ সৈন্যঃ তাহার দোষের ফলেঃ
হইয়াছে সবে স্বর্গচ্যুত ।
হইয়া উজ্জ্বলতাহীনঃ আজ্ঞাবহ চিহ্নহীনঃ
মলিন রূপেতে দণ্ডাইত ॥
দেখ বনা দেবদারুঃ পর্ব্বতীয় বৃহত্তরুঃ
বজ্রাঘাতে বিদগ্ধ যেমন ।
তদ্রূপেতে শয়তানঃ সসৈন্যে দণ্ডায়মানঃ
সে স্থানেতে আছিল তখন ॥
ভাবে তিনি তৎকালেঃ কহিবারে আরম্ভিলেঃ
সেনা আর সেনাপতিগণ ।
করি তাঁকে সুবেষ্টনঃ মৌনে করে আকর্ণনঃ
মন করি তাহে সমর্পণ ॥
তিনবার কহিবারেঃ প্রবর্ত্ত হইয়া পরেঃ
তবু বাক্য না হইল আরম্ভ ।
দূতের ক্রন্দনমতঃ চক্ষে অশ্রু* বিনির্গতঃ
মাত্র তার হইল তখন ॥
তৎপরেতে দেখ শেষেঃ অতি কষ্টে বহু ক্লেশেঃ
সুদীর্ঘ নিশ্বাস সম্বলিত ।
মুখে হৈল বহির্গতঃ যাহা ছিল মনোগতঃ
বাক্য সব তাহার উচিত ॥

*হোমার এমত বর্ণন করিয়াছেন যে দেবগণের চক্ষু না

সমর অজেয় সর্ব্ব দূত অগণন।
শুন কহি মন বাক্য করহে শ্রবণ॥
ঈশ সঙ্গে, বিনা সর্ব্ব জনের সঙ্গেতে।
অদ্বিতীয় পরাক্রান্ত এসব দৈত্যেতে॥
যদিও রণ ঘটনা ভয়ানক অতি।
যাতে আমাদের হৈল এ সব দুর্গতি॥
পূর্ব্বতন কালে ছিল যে সুখ লক্ষণ।
যার পরিবর্ত্তে হৈল এই দুর্ঘটন॥
যাহা সপ্রমাণ হইতেছে এই স্থানে।
বর্ণন করিতে যাহা ঘৃণা হয় মনে॥
তথাপিও বলি শুন ওহে দৈত্যগণ।
সেই রণ অপকৃষ্ট নহে সনাতন॥

কদাপি নরের রক্তের ন্যায় নহে। মিল্টন এতত্র বর্ণন করিয়াছেন, যে দূতগণের চক্ষের অশ্রু নরের চক্ষের অশ্রুর ন্যায় নহে। শয়তান আপন সৈন্য দর্শনে ও তাহাদিগের পূর্ব্ব সুখাবস্থার বিনিময় হইয়াছে, এতদ্বিষয় অবলোকনকরণানন্তর ক্রন্দন করিয়াছিল ইহা পাঠকরণে আরকসীজ নামা নরপতির বৃত্তান্ত আমাদিগের মনে উদয় হয়। ঐ রাজা আপন অগণনীয় সৈন্য দর্শন করণেও তাহারা অমর নহে ইহা জানিয়া এবং তাহারা রণক্ষেত্রে মনোযোগ করিতেছে তাহাতে তাহারা সকলি অবিলম্বে করাল কৃতান্তের বশীভূত হইবে, এই সমস্ত বিষয় মনে ভাবিয়া [illegible] ব্যগ্র হইয়া অনেক আক্ষেপোক্তি করিয়াছিলেন॥

আর আমাদের সম পরাক্রান্ত নহে।
দূতগণ রণে যে হইবে পরাভব॥
ভূত ভবিষ্যত বর্ত্তমান জ্ঞানান্বিত।
হইয়াও মনোমধ্যে কোনজন জানিত॥
এখনই বা বিশ্বাস করিবে কোন জন।
এই মহাবল পরাক্রান্ত দূতগণ॥
যাদের পতনে শূন্য হয় স্বর্গ স্থান।
নরক হইতে তারা করি গাত্রোত্থান॥
আপনাদের জন্মস্থান স্বর্গের উপরে।
অপারক হইবে গমন করিবারে॥

* বিজ্ঞব্যক্তিরা এমত বিবেচনা করেন যে স্বর্গস্থ দূতগণের তৃতীয়াংশের একাংশ শয়তানসহিত স্বর্গচ্যুত হইয়া নরক কুণ্ডে পতিত হইয়াছিল আর ধর্ম্মগ্রন্থে প্রকাশিত ভবিষ্যদ্বাক্যের দ্বাদশ অধ্যায়ের ৪ পদে এমত বর্ণিত আছে যথা, আর আশ্চর্য্য দর্শন হইল সপ্ত মস্তকে সপ্ত মুকুট ও দশ শৃঙ্গবিশিষ্ট এক রক্তবর্ণ নাগ লাঙ্গুল দ্বারা আকাশের তৃতীয়াংশ নক্ষত্র পতনে আকর্ষণ করি বা পৃথিবীতে তাহারা বিক্ষিপ্ত হইল. এই কাব্য গ্রন্থের (অর্থাৎ ইংরাজী পেরেডাইস লষ্ট), দ্বিতীয় খণ্ডের ৬৯২ পংক্তিতে এবং পঞ্চম খণ্ডের ৭১০ পংক্তিতে এবং ষষ্ঠ খণ্ডের ১৫৬ পংক্তিতে মিল্টন এতদ্রূপ মত প্রকাশ করিয়াছেন।

সাক্ষী হও ওহে স্বর্গ বাসিরা সকলে।
তিলমত করি যদি আমি উত্তর কালে॥
আপন ভয়েতে কিম্বা করি পলায়ন।
তবে ত্যজি আশা সবে জানহ এখন॥
সংগ্রামের পুর্ব্বে দেখ যিনি স্বর্গপুরে।
সর্ব্ব অনুমতি কিম্বা মান-অনুসারে॥
অথবা স্বর্গীয় বিধিক্রমে সেই স্থানে।
করিতেন রাজ্য সুখে কোন বিঘ্ন বিনে॥
কিন্তু মোরা তাঁর শক্তি না ছিলাম জ্ঞাত।
সেই তথ্য জানিবারে হইয়া বাঞ্ছিত॥
উপস্থিত করি রণ তাঁহার সহিত।
হইয়াছি অধঃস্থলে আমরা পতিত॥
উভয় পক্ষের শক্তি মোরা তদবধি।
উত্তমরূপেতে সব জানিয়াছি যদি॥
তথাপি উভয়ের ক্রোধ হলে প্রজ্বলিত।
শ্রেয়স্কর না হইয়া হবে বিপরীতে॥
যেহেতু উভয়ে ক্রোধ করিলে বর্দ্ধন।
উপস্থিত হইবারে পারে নব রণ॥
তাহে আমি ভীত হই শুন দৈত্যগণ।
যেহেতু রণেতে কিছু না হইল ফল॥
অতএব চাতুরিতে তাঁকে করা জয়।
আমাদের পক্ষে ভাল হেন বোধ হয়॥

আর পরাক্রমে যাহা সিদ্ধ না হইল।
শঠতার দ্বারা হবে অবশ্য সফল॥
এ মতে আমাদিগকে এবে যেই জন।
পরাভব করিয়াছেন করি মহারণ॥
জানিতে পারিবেন তিনি তাঁর এরি যত।
অর্দ্ধেক সংখ্যক তার মাত্র পরাভূত॥
পূর্ব্বকালে স্বর্গে ছিল হেন জনরব।
যদা ঈশ স্থজিবেন পৃথ্বী ও মানব॥
আর সে মানবে তথা করিয়া স্থাপন।
দূতসম দয়া করিবেন বিতরণ॥
আছিল প্রতিজ্ঞা তাঁর দেখ পূর্ব্ব কালে।
এইক্ষণে বুঝি স্থষ্ট হয়েছে সকলে॥
অতএব সেই স্থানে করিয়া গমন।
প্রথমত করিব বিশেষ অন্বেষণ॥
সেই স্থানে হউক কিম্বা গিয়া অন্য স্থানে।
আক্রমণ করি মোরা প্রবর্ত্তিব রণে॥
যে হেতু স্বর্গীয় দূত দলস্থ সকলে।
না থাকিবে তমোময় নরক অনলে॥
এসব বিষয় শ্রেষ্ঠ বিবেচনা পরে।
যে কর্ত্তব্য হয় তাহা করহ সত্বরে॥
যে হেতু নমতা শক্তি না হইবে আর;
শত্রু প্রতি মত ভাব কে করে স্বীকার॥

অধিকন্তু সে গিরির অবশিষ্ট স্থান।
আছিল উজ্জ্বল অতি শুন উপাখ্যান॥
এই চিহ্নে বোধ হয় তাহার ভিতর।
আছে গান্ধকীয় আদি ধাতুর আকর॥
সৈন্যদলে কর্ম্মকারি জনেরা যেমন।
অধ্যক্ষের আজ্ঞামতে করিয়া গমন॥
দুর্গ নির্ম্মাণার্থে যথা হয় সচঞ্চল।
তথা দূতদলমধ্যে ছিল এক দল॥
পর্ব্বতসমীপে গেল তাহারা তেমন।
যাহাদিগকে সেই স্থানে আনিল ম্যামন* ॥
যে সকল দূত স্বর্গ হইতে পতিত।
তাহাদের মধ্যে তিনি সারল্যরহিত॥
স্বর্গ প্রতি সদা তিনি করি দরশন।
মণি মুক্তা আর যত রত্ন আভরণ॥
করিয়া তাচ্ছল্য বোধ ঈশ্বর বিষয়।
প্রশংসা করিত মাত্র রত্ন সমুদয়॥
স্বর্গীয় সুখদ সব বিষয় ব্যতিত।
ধন মাত্র দরশনে সদা আহ্লাদিত॥

* সিরিয়ক ভাষাতে ঐ নামের অর্থ ধন। মথি লিখিত সুসমাচারের ষষ্ঠ অধ্যায়ের ২৪ পদে এমত বর্ণিত আছে যে এক ব্যক্তি প্রভু পরমেশ্বরের ও ম্যামনের সেবা করিতে পারে না॥

তদ্দারা শিথিল নর অপবিত্র করে।
খনন করিয়া পৃথ্বী রত্ন লইবারে ॥
পরে শীঘ্র ম্যামনের সঙ্গি দূতগণ।
পর্ব্বত খনিয়া স্বর্ণ করিল গ্রহণ ॥
স্বর্ণ যে উৎপন্ন হয় নরক আকরে।
তাহার প্রশংসা যেন কেহ নাহি করে ॥
কেননা নরক বটে তীক্ষ্ণ হলাহল।
উৎপাদন করিবার যথাযোগ্য স্থল ॥
এ জগতে যে সকলে মত্ত অহঙ্কারে।
আপনং মুখে আত্মশ্লাঘা করে ॥
বাবেল* মিসর দেশী রাজগণ কার্য্য।
যাহার প্রশংসা করে তাহি চিরস্মর্য্য ॥
নিষ্পন্ন করিতে দেখ সে সকল কর্ম্ম।
লাগিল কতক কাল ক্লেশ পরিশ্রম † ॥
তদপেক্ষা শ্রেষ্ঠ কার্য্য অল্প কাল মধ্যে
নির্ব্বাহ করিতে পারে দূতেরা সুসাধ্যে

*বাবিলন দেশ ॥

† মিসর দেশস্থ পিরেমিড অর্থাৎ বৃহৎ অট্টালিক, বিষয়ক বর্ণন। তাহা নির্ম্মাণার্থে বহু বস্তু ও পরিশ্রম হইয়াছিল। কথিত আছে একটী পিরেমিড নির্ম্মাণকরণার্থে ৩৬০০০০ লোক নিযুক্ত হইয়াছিল ও বিংশতি বৎসর পরে তাহা নিষ্পন্ন হইয়াছিল ॥

প্রাচীরের কাছে গর্ত্ত ছিল যে সকল।
তথায় গমন কৈল আর এক দল॥
তপ্তজল স্রোতবৎ মহাহ্রদ হতে।
করিত গমন সদা এই সব গর্ত্তে॥
স্বর্ণরূপা গলাইয়া শিল্প বিদ্যা দ্বারা।
বাছি পরিষ্কার কৈল সে সব দৈত্যেরা॥
আর্গিন যন্ত্রের নানা স্থানেতে যেমন।
বায়ু সঞ্চারেতে উঠে বিবিধ বাদন॥
তদ্রূপ তৃতীয় দলভুক্ত সেনাগণ।
ভূমি মধ্যে ফাঁপা মূর্ত্তি করিয়া নির্ম্মাণ॥
আশ্চর্য্য কৌশলে অতি আনিয়া বাহিরে।
সেই গর্ত্ত হতে স্বর্ণ আনয়ন করে॥
মূর্ত্তির প্রত্যেক ফাঁপা স্থানে সেই স্বর্ণ।
ঢালিয়া করিল সেই মূর্ত্তি পরিপূর্ণ॥
ভূমি হতে হয় যথা বাষ্প উদ্গমন।
তদ্রূপে এক অট্টালিকা উঠিল তখন॥
মন্দির সমান সেই প্রাসাদ গঠন।
তাহাতে সুমিষ্ট বাদ্য হৈল আকর্ণন॥
প্রাচীরের চতুঃপার্শ্ব স্তম্ভেতে শোভিত।
চতুরস্রে সে সকল আছিল গ্রথিত।
ডোরিক স্তম্ভের তুল্য স্বর্ণেতে মণ্ডিত।
কার্ণিশ দেখিলে লোক হয় বিমোহিত॥

প্রাচীরের গাত্রে নানা মূর্ত্তি বিচিত্রিত।
স্বর্ণময় ছাত গৃহে অতি সুশোভিত ॥
সুবিখ্যাত বাবিলন নামক প্রদেশে।
অথবা মহৎ আলকায়েরার* দেশে ॥
বিলস †ও সিরেপিস ‡ নামে দেবদ্বয়।
ধনাঢ্য আছিল তারা যেঁাকে যে সময় ॥
মিসর ও আসিরিয়া¶ দেশ নৃপগণে।
উভয়ে বিবাদ করি সমৃদ্ধি কারণে ॥
রত্ন আভরণ পরি যথা আড়ম্বরে।
উপবিষ্ট ছিল স্বীয় সিংহাসনোপরে ॥
সে সকল আড়ম্বর হেলে একত্রিত।
তবু অট্টালিকা মনে না হয় তুলিত ॥
এই অট্টালিকা দেখ অতি মনোহর।
স্থির ভাবে রহিয়াছে দেখিতে সুন্দর ॥

*অর্থাৎ মিসর দেশ গ্রাণ্ডকায়রো নামা তাহার রাজধানী।

†নিমরোদের পুত্র, ও বাবিলন প্রদেশস্থ দ্বিতীয় নরপতি তাঁহার পঞ্চত্ব হওনের পর লোকেরা তাঁহাকে দেব জ্ঞানে পূজা করিয়াছিল ॥

‡ মিসর দেশীয় দিগের এপিস নামা দেবপ্রতিমা।

¶ আশীয়াস্থ এক বৃহৎ রাজ্য ॥

সে সকল অট্টালিকা তার হস্তকৃত।
এজন্য তাহার নাম ছিল প্রশংসিত॥
প্রাচীন গ্রিকিশ দেশে পূর্ব্বতন কালে।
কৃত ছিল তার নাম পূজিত সকলে॥
আর অশোনীয় দেশ বাসিরা। সকলে।
করিত তাহারে পূজা মলশিবার বলে॥
যে রূপে হইল আর তাহার পতন।
এইমতে তারা সবে করে প্রকীর্ত্তন॥
ক্রোধান্বিত হয়ে যোস দেব তদুপরে।
নরাঘাত করিয়া তার পদে ধার করে॥
স্ফটিক নির্ম্মিত স্বর্গ প্রাচীর হইতে।
ফেলিয়া দিলেন তারে নরকের গর্ত্তে॥
প্রাতের প্রাতোবধি সায়ং পর্য্যন্ত।
ঘুরিতেছ দিবসের আদ্যোপান্ত॥

---

*ইউরোপের দক্ষিণস্থিত দেশ। এথেন্স নামা তাহার রাজধানী॥

† ইটালি বা লাটীন দেশস্থ লোক। ইউলিসিজ ও কেলিপ্সোর কৃত অশন নামানুসারে অশোনিয়ন নামে লাটীনলোকেরা বিখ্যাত হইয়াছিল। কেহই কহেন আইটেলস নামা নরপতির সুত অশন॥

‡ গ্রীক লোকদিগের অলকার নামা দেবতা॥

নরকেতে অট্টালিকা নির্ম্মাণ কারণ।
সন্ধিসহ অধোমুখে হইল পতন ॥
রাজ্য বার্ত্তাবহ পক্ষযুক্ত দূতগণ।
সম্রাটের আজ্ঞা পায়ে সত্বরে তখন ॥
ভয়ানক রীতিছন্দে পরে দৈত্য দলে।
মহানন্দে তুরী ভেরী বাজাইয়া বলে ॥
দৈত্যপতি শয়তান শ্বার তার জন্য।
সহকারি তুর্দান্ত যাহারা বটে গণ্য ॥
তাহাদের রাজধানী প্যান্ডিমোনিয়মে*।
সবে গিয়া সভা কর যুদ্ধের নিয়মে ॥
দৈত্যপতিগণ হেন হইলে নিমন্ত্রিত।
অগণ্য সসৈন্যে তারা তথা উপস্থিত ॥
এমতে সভার স্থান পরিপূর্ণ করি।
স্থান লয়ে বৈসে ক্রমে করে সারিসারি ॥
সুপ্রশস্ত দ্বার আর দালান চাঁদনি।
ঢাকিয়া বসিল সবে করিয়া মেলানি ॥
মহাবল পরাক্রান্ত সৈন্যেরা যেমন।
আজ্ঞামতে রণস্থল করে আচ্ছাদন ॥
ভূপতির অগ্রে তারা করি মহাস্পর্দ্ধা।
তুচ্ছ করে পানিমাথা অশ্বারোহি যোদ্ধা ॥
যুদ্ধাস্ত্র ধরিয়া রণস্থলেতে গর্জ্জন।
করিয়া বেড়ায় আর করে আস্ফালন ॥

---

*শয়তানের নারকীয় রাজধানির নাম।

তদ্রূপ দূতেরা বায়ু আর ভূমি পরে।
ঝাঁকে২ উড়ে আসি ঘোর নাদ করে॥
বসন্ত ঋতুতে দেখ যখন তপন।
বৃষরাশি চক্রোপরে করেন গমন॥
তৎকালেতে ঝাঁকে২ মধুকর গণ।
চাকের বাহিরে উড়ে সকলে যেমন॥
অসংখ্য হইয়া মধু সংগ্রহ কারণ।
পুষ্প ও নীহার মধ্যে করয়ে ভ্রমণ॥
সংগ্রহ করিয়া মধু পুনরাগমনে।
তৃণের নির্ম্মিত তাদের চাক বহিঃ স্থানে॥
যথায় প্রশস্ত তক্তা অতি সুচিক্কণ।
তদুপরে বসি সেই মধুকর গণ॥
রাজ্যের বিষয়ে তদা কথোপকথন।
করিয়া থাকয়ে হৈয়া আনন্দিত মন॥
সেরূপেতে দেখ সে অলক্ষ্য দূতগণ।
ঝাঁকে২ সেই স্থানে করি আগমন॥
স্থানাভাবে দাণ্ডাইয়া রহিল সকলে।
অতঃপর রাজ আজ্ঞা সঙ্কেতে হইলে॥
কি আশ্চর্য্য দেখ এই দূতেরা তখন।
দীর্ঘকায় হ্রস্ব কৈল আশ্চর্য্য গঠন॥
অসুর অপেক্ষা তারা ছিল বৃহৎকায়।
ক্ষুদ্রগৃহে হ্রস্বাকারে রহে এ সময়॥

* হোমার কৃত ইলিয়েড নামা কাব্য গ্রন্থের দ্বিতীয় খণ্ডে ১১১-১২০ পঙ্ক্তিতে এমত বর্ণন আছে॥

ভারতবর্ষস্থ সীমা স্থিতাদ্রির পারে।
যে সকল ক্ষুদ্রতর জাতি বাস করে ॥
সেইরূপ রূপ সবে করিয়া ধারণ।
অন্য স্থান মধ্যে তারা বসিল তখন ॥
আর যথা মধ্যরাত্রে অপ্সরীগণ।
উদুম্বের ধারে থাকে প্রমোদ কারণ ॥
অথবা করিয়া তারা সবে মদ্যপান।
কাননের সন্নিধানে করে নৃত্যগান ॥
তাহাদের কুহকেতে দেখ শশধর।
মলিন রূপেতে স্থিত মস্তক উপর ॥
আপন রথেতে তিনি করি আরোহণ।
দর্শকের মত বসি করেন ভ্রমণ ॥
সেই স্থানে নিশি গ্রস্ত কোনক্লমিজন।
স্বচক্ষে বা স্বপ্নে ইহা করে দরশন ॥
সে সময় নৃত্যগীতে অপ্সরা সকল।
করিতেছে তাঁর কর্ণ কুহর শীতল ॥
তাহাতে তাহার মন ভয় ও আনন্দে।
উল্লাসিত হইতেছে সুখেতে স্বচ্ছন্দে ॥
নারকীয় রাজপুরে শুনহ সকলে।
প্রকাশিয়া নিজগুণ দানবের দলে ॥
সেইরূপ ক্ষুদ্র রূপ করিয়া ধারণ।
আপনার বশে তথা রহিল তখন ॥
ঐ সব দূত সম গঠন আকারে।
সিরুফ কিরূব নাম যারা আর ধরে ॥